Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# কর্মসংস্থান

দাম : ৪ টাকা

www.karmosangsthan.com

Vol. 33 ■ Issue No. 1 ■ 4th January 2020 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



শিক্ষা বিকাশ সেবা সংস্থা (A NGO By Govt.)
চাকরির পরীক্ষায় কোচিং-এর এক অন্যতম নাম
◆ পুলিশে ৮০০০ কনস্টেবলের কোচিং ◆ KPS চাকরির কোচিং ◆ SSC Work Edu + Physical Edu. ◆ SSC All Subject (Sc. + Arts + Edu) (Upper TET + SUBJECT : 9-10 / 11-12) ◆ Primary TET ◆ ICDS Supervisor ◆ Rail Gr-D / Bank / Dist. Judge Court ◆ Combined Course ও Interview
কম খরচে B.Ed. / D.El.Ed. / B.P.Ed. / W.Ed. / Nursing / Poly Tech. হয়
কাছারী রোড, বর্ধমান শহর. M: 8768045166 • বাকুড়া, মাচানতলা, M: 7864913613 • মেদিনীপুর 7478177294



কর্মসংস্থান ৩৩ বছরে পা দিল
পাঠক-পাঠিকা, বিক্রেতা, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের শুভেচ্ছায়


## ইন্ডিয়ান অয়েলে ৩১২ অ্যাপ্রেন্টিস

**আই.টি.আই থেকে পাশ ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার**

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের নর্দান রিজিয়নের মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ডাটা এন্ট্রি অপারেটর' ও 'ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ৩১২ জন লোক নিচ্ছে।

**কারা কোন ট্রেডের জন্য যোগ্য :**

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে ☞ এরপর ৪ পাতায়


NEW BRANCH WELCOME
হসপিটাল ও মেডিকেল কলেজ যুক্ত
100+ নার্সিং কলেজে
8000 সীটে বুকিং চলছে।
WhatsApp- 9163297000
আরও বিস্তারিত জানতে ৮ ও ৯ নং পাতা দেখুন


## কোস্ট গার্ডে ২৬০ নাবিক

**উচ্চমাধ্যমিক ছেলেদের জন্য**

ভারতীয় উপকূল রক্ষীবাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড) 'নাবিক (জেনারেল ডিউটি)' পদে ২৬০ লোক নিচ্ছে। এই পদের বিজ্ঞপ্তি নং 02/2020 ।

অঙ্ক ও ফিজিক্স বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৮-১৯৯৮ থেকে ৩১-৭-২০০২'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে যোগ্য নন। বেসিক পে : ২১,৭০০ টাকা।

শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, নেপালী ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও স্বাভাবিক ওজন থাকতে হবে। স্বাভাবিক শ্রবণশক্তি ও দু'পাটি অক্ষত দাঁত থাকা দরকার। রোগমুক্ত শরীর, শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। ☞ এরপর ১৬ পাতায়

### পারমাণবিক শক্তি দফতরে

## ৮০ অ্যাপ্রেন্টিস

কেন্দ্রীয় সরকারের পারমাণবিক শক্তি দফতরের অধীন এন.পি.সি.আই.এল. 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৮০ জন লোক নিচ্ছে। আই.টি.আই. থেকে ফিটার, টার্নার, ☞ এরপর ৭ পাতায়

## ৩০ ট্রেনি

এন.বি.সি.সি. (ইন্ডিয়া) লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি (সিভিল)' পদে ১০ জন লোক নিচ্ছে। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন ☞ এরপর ৪ পাতায়

## ৩২ ক্লার্ক, স্টেনো

কালিম্পং জেলা জাজেস কোর্টে 'ইংলিশ স্টেনোগ্রাফার গ্রেড-III', 'লোয়ার ডিভিশন ক্লার্ক', 'গ্রুপ-ডি' ও 'নাইটগার্ড' পদে ৩২ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য ☞ এরপর ১৩ পাতায়

## রাজ্য সরকারে ৪৬ চাকরি

### ১১ কো-অর্ডিনেটর

পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দফতর 'ম্যানেজমেন্ট ইনফর্মেশন সিস্টেম কো-অর্ডিনেটর' পদে ১১ জন লোক নিচ্ছে। কম্পিউটার অ্যাপ্লিকেশন বা, বিজনেস ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কিংবা ডোয়েক থেকে 'এ' লেভেল কোর্স পাশরাও যোগ্য। ডাটাবেস ম্যানেজমেন্ট, কাস্টমাইজড রিপোর্ট ও প্রোগ্রামিংয়ের কাজে অন্তত ২ ☞ এরপর ২ পাতায়

### ২০ উদ্যান পালক

পশ্চিমবঙ্গ সরকারের ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ ও হর্টিকালচার বিভাগে কাজের জন্য 'উদ্যান পালন প্রযুক্তি সহায়ক' পদে ২০ জন লোক নিচ্ছে। সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, ভোকেশনাল (অ্যাগ্রিকালচার) বিষয়ের উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স ☞ এরপর ২ পাতায়

### ১৫ অ্যাসি. ইঞ্জিনিয়ার

পশ্চিমবঙ্গ সরকারের জল সম্পদ উন্নয়ন বিভাগ 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (অ্যাগ্রি-ইরিগেশন)' ও 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (অ্যাগ্রি-ইলেক্ট্রিক্যাল)' পদে ১৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (অ্যাগ্রি- ☞ এরপর ২ পাতায়

### দুর্গাপুর স্টিল প্লান্টে

## ১০৫ টেকনিশিয়ান, ম্যানেজার

কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা স্টিল অথরিটি অফ ইন্ডিয়ার দুর্গাপুর স্টিল প্ল্যান্ট 'অপারেটর-কাম-টেকনিশিয়ান-ট্রেনি', 'অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি)', 'অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সেফটি)', 'মেডিক্যাল সার্ভিস প্রোভাইডার (ট্রেনি)' ও 'মেডিক্যাল সার্ভিস প্রোভাইডার (ট্রেনি)-প্যারামেডিক্স' পদে ১০৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অপারেটর কাম টেকনিশিয়ান ট্রেনি (বয়লার) :** মাধ্যমিক পাশরা ☞ এরপর ৫ পাতায়

## স্বাস্থ্য দফতরে ৩৪

পশ্চিমবঙ্গ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি 'পাব্লিক হেলথ ম্যানেজার' পদে ৩৪ জন লোক নিচ্ছে। বটানি, জুলজি, হিউম্যান ফিজিওলজি, মাইক্রোবায়োলজি, বায়োকেমিস্ট্রি, বায়ো-টেকনোলজি, বায়ো ইনফর্মেটিক্সের মাস্টার ডিগ্রি ☞ এরপর ১৬ পাতায়

## পুরসভায় ৪৭ মজদুর, ক্লার্ক

চাম্পদানি পুরসভা মজদুর ও ড্রাইভার পদে ৪৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**মজদুর :** ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে যোগ্য। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ ☞ এরপর ১৬ পাতায়

## জেলা স্বাস্থ্য কেন্দ্রে ৯১১ মেডিক্যাল টেকনোলজিস্ট

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ পশ্চিমবঙ্গ হেলথ সার্ভিসে কাজের জন্য 'মেডিক্যাল টেকনোলজিস্ট', 'ফিজিওথেরাপিস্ট', 'ফার্মাসিস্ট' পদে ৯১১ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**মেডিক্যাল টেকনোলজিস্ট (রেডিও ডায়াগনস্টিক্স) গ্রেড-III :** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা রেডিওগ্রাফি (ডায়াগনস্টিক) টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার ওপর মেডিক্যাল টেকনোলজির ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ☞ এরপর ১৫ পাতায়

## ২০ অ্যাপ্রেন্টিস

নয়াদিল্লির সরকারি প্রেস বুক বাইন্ডার ও লিথো অফসেট মেশিন মিন্ডার ট্রেডে অ্যাপ্রেন্টিস ট্রেনিং হিসাবে ২০ জন লোক নিচ্ছে। ক্লাস এইট পাশরা 'বুক বাইন্ডার' ট্রেডের জন্য যোগ্য। ২ বছরের ট্রেনিং। প্রথম বছর ☞ এরপর ২ পাতায়


১৩২ পাতার দাম ১০ টাকা
কর্মসংস্থান গোষ্ঠীর সাফল্য সাধারণ জ্ঞান
ডিসেম্বর সংখ্যা বেরিয়েছে
পি.এস.সি ক্লার্কশিপ
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রেলের গ্রুপ 'ডি' পদের
পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি মিসলেনিয়াস
পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
যোগাযোগ : 9830624170


## রাজ্যে ৮ হাজার কনস্টেবল নিয়োগ শিগগিরই

পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশে কনস্টেবল প্রায় ৮ হাজার লোক নেওয়ার বিজ্ঞপ্তি বেরোতে চলেছে। নবান্ন সূত্রে খবর, রাজ্য পুলিশে কনস্টেবল পদে ২০১৯ সালে নিয়োগে হলেও কলকাতা পুলিশে কনস্টেবল পদে কয়েক বছর কোনো নিয়োগ হয়নি। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কয়েকটি নতুন থানা তৈরি হওয়ায় কনস্টেবল পদে শূন্যপদের সংখ্যা ক্রমশ বেড়েই যাচ্ছে। প্রয়োজন মতো অন্য জেলা থেকে কনস্টেবল নিয়ে সেই চাহিদা মেটানো হচ্ছে। অন্যদিকে, নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট সংখ্যক শূন্যপদে নিয়োগের জন্য সুপ্রিম কোর্টের রায় এখনো বহাল আছে। তাই রাজ্য সরকার কনস্টেবল পদে দ্রুত লোক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। কলকাতা ও রাজ্য পুলিশ মিলিয়ে মোট ৮ হাজার লোক নেওয়া হবে। নবান্ন সূত্রে খবর, জানুয়ারি মাসেই এই পদের বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড। ☞ এরপর ৭ পাতায়


আকর্ষণীয় মূল্যে
সাফল্য
বেরোল
২১২ পাতার নববর্ষ সংখ্যা
ফিরে দেখা ২০১৯
এই রাজ্য, জাতীয়, আন্তর্জাতিক, অর্থনীতি, পুরস্কার, খেলা, বিজ্ঞান ও মৃত্যুর প্রতিদিনের সংগ্রহযোগ্য তথ্য সঙ্কলন — যা যে কোনো চাকরির পরীক্ষার ক্ষেত্রে খুবই উপযোগী।
এছাড়াও থাকছে এইসব চাকরির পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
● ডব্লু.বি.সি.এস প্রিলিমিনারি ● পি.এস.সি ক্লার্কশিপ
● পি.এস.সি মিসলেনিয়াস ● রেলের গ্রুপ 'ডি'
● কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল ● কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল ● ইন্ডিয়ান ইঞ্জিনিয়ারিং সার্ভিস
সঙ্গে থাকছে প্রচুর জেনারেল নলেজ ও অন্যান্য সব নিয়মিত বিভাগ
বেরোনোমাত্রই ফুরোনোর সম্ভাবনা। এখনই সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন। Help Line : 9830624170


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা

প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি

হেল্প লাইন
(০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩

নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩



## স্কুল-কলেজ-শিক্ষা

**Pharmacy Assistant**
WB Govt. অনুমোদিত Pharmacy Assistant Traning Course এর জন্য ক্লাস 10 pass অনূর্ধ্ব ৩০ প্রার্থীরা Enroll করুন। Carregoraph- 9903314584. SH (S)

**WBCS & Combined**
কোর্সে ভর্তি চলছে। মাসিক ফিজ। www.siclasses.com Call- 9830345378/379 (10-8 pm) MS

**এক জানালায়**
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য কর্মসংস্থান, সাপ্তাহিক ও Appointment & Career News -এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

বীরভূম ও মুর্শিদাবাদ
**UNIQUE MEDIA CHANNEL**
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B. Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE (EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

পুরুলিয়া ও বাঁকুড়া
**Manorama Ad Agency**
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com kunaldutta858@gmail.com

উত্তর কলকাতা
**SUPRIYA PUBLICITY**
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122 9830261403
Email : ashimchowdhury12@gmail.com

দক্ষিণ ২৪ পরগণা
**Antheeza Media Infotech Pvt. Ltd.**
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349 8100960001
Email : onlineadbooking1@gmail.com

সম্পূর্ণ প্রজাপনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র বাড়িতে বসে আবেদন করুন এই ই-মেল আইডিতে appointmentnews@gmail.com অথবা যোগাযোগ করুন এই নম্বরে 9874922004

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া**
PSC (ক্লার্ক),রেল (Gr.D/SM), ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, CGL, 700PM. চক্র স্যার-9903500682 R

**OUTWIT**
Maths & Reasoning for Competitive Examinations. ANIRBAN Sir- 6290667202 Plus Educator (Unacademy). Location: DHAKURIA. SH(S)

**শর্ট মেথড বিশেষজ্ঞ**
MATH, GI, GK, ব্যাঙ্ক, WBCS, রেল, CGL, PSC, আগে ফ্রি ক্লাস, মাসে ফি, সোদপুর, সোনারপুর। HM Sir- 9007112434 SH (S)

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555. LG

## স্কুল-কলেজ-শিক্ষা

ব্যান্ডেল, সাঁত্রাগাছি, রাণাঘাট, বারাসাত, শিয়ালদহ, English Class for UPSC, WBCS, CGL, 350/- SL: 9674353404 SH

**COMBINED**
PSC, SSC, RAIL,TET, All Central & State Govt. Exam. 90%-এর বেশি ছাত্রছাত্রী সফল। বারাসাত-9874611300 গড়িয়া বোরাল -8697222057. R

**কলেজস্ট্রীট ও নৈহাটি**
মাসিক মাহিনায় কোচিং। CGL, MTS, RL, PSC, WBCS, TET & COMB. শাখা : মগড়া (হুগলি)। Phone.- 8017947874. SH

**Math & Eng সোনারপুর**
WBCS, SSC, ক্লার্ক, Gr-D Rail, Bank, প্রাইমারী (spl), পুলিশ S.I, Alakesh Sir. 9836045234 SH

## স্কুল-কলেজ-শিক্ষা

**CIMST**
**প্যারামেডিক্যাল কোর্সেস**
Approved by BSS, Govt. of India,প্যাথোলজি (DMLT), ফিজিওথেরাপী, ECG, অপ্টোমেট্রি (DOS), Radiology Tech (X-Ray, CT & MRI), Critical Care & ICU, Dental (DDH), Dialysis Tech, Dip. in OT. অ্যালোপ্যাথি (CMS & ED), আয়ুর্বেদ (DAMS), হোমিও (DHMS & D. Hom) কোর্সে ভর্তি। যোগ্যতা: MP/HS. Campus: 126B, Raja Rammohan Sarani, Kol-9, (শিয়ালদা পূর্বী সিনেমার নিকট) M-9331062421 login: www.cimst.org.in D

MORE THAN 100 RESEARCH SCHOLARS MANY HAVE BEEN AWARDED
ADMISSION NOTICE
**Ph.D.**
● Humanities ● Science ● Engineering ● Management ● Nursing ● Pharmacy ● Law ● Performing Arts (Music/Dance) ● Library Science
VISION INSTITUTE OF PROFESSIONAL STUDIES
Mob : 7603004971 / 7603004973
www.visiongroup.in

## স্কুল-কলেজ-শিক্ষা

**Flylink Hotel School**
৫ মাসের কোর্স এবং ৬ মাসের হোটেল ট্রেনিং শেষ করে দেশ ও বিদেশে চাকরি গ্যারান্টি। প্রত্যেক ব্যাচে প্রথম ৪জন ছাত্রছাত্রীকে বিদেশে ফ্রি প্লেসমেন্ট। ভর্তি ও নতুন ব্যাচ প্রত্যেক মাসে। 033-40611693, 8420227546 /67. login: www.fshm.co.in D

**Math, GS, Eng দুর্গানগর**
CGL, WBCS, Rail, PSC, SSC ভর্তি চলছে। মালাকার টেনিং সেন্টার। M- 7003696011 SH (S)

**WBCS-21 Admission**
Regular/Weekend ব্যাচগুলি শুরু হচ্ছে। হাতে ধরে শেখানো হয়। ICE বালিগঞ্জ- 9804412898 R

## কর্মখালি

**Urgent vacancy স্থায়ী কাজ Govt.L.No-01247**
উঃ বঙ্গ সহ পঃ বঙ্গের সমস্ত জেলায় বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল এবং Bank (DSA) তে সরাসরি স্থায়ী ভাবে M/F নিয়োগ চলছে। বেতন- (10,500-34,500), OT, PF, ESI. ছুটি বোনাস প্রমোশন সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। M-9593001551. SA(A)

**Airport ও মেট্রো Govt.Regd No-2639**
পঃবঃসহ সমস্ত জেলায় বিনা ডোনেশনে Airport মেট্রো ও ব্যাংকে M/F কর্মী চাই। যোগ্যতা- ৮ম/স্নাতক, বেতন-17,800/- –48,900/-, থাকা খাওয়া ফ্রীতে। M-9732036474. SA(A)

**দোহাই, আর ঠকবেন না**
বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ফ্রেস ও এক্সেই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, কর্মসংস্থান

## কর্মখালি

**জরুরি বিজ্ঞপ্তি**
মেট্রোরেলে সরাসরি জয়েনিং। বয়স ১৮-৪৫, বেতন: ১৮,৬০০- ৪৫,৭০০। ১৩৫ জন কর্মী চাই। PF, ESI, OT সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। যোগ্যতা ৮ম-স্নাতক। 7478310472. SA (A)

**Urgent vacancy কাজের গ্যারান্টি, Govt.L.No-01265**
উঃবঙ্গ সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় বিনা ডোনেশনে Airport, মেট্রো, BANK (DSA)সহ বিভিন্ন কোম্পানিতে যোগ্যতা ভিত্তিক M/F নিয়োগ চলছে।বেতন-(১০,২০০- ৩২,৫০০) OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন সহ থাকা-খাওয়া ফ্রি। M- 7872200301. SA(A)

**ভবিষ্যত গড়ার সঠিক ঠিকানা বহু পুরাতন সংস্থা**
জরুরি ভিত্তিতে কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল ও এয়ারপোর্ট Pvt./ Bank গুলোতে কর্মপ্রার্থী নিয়োগ। সম্পূর্ণ বিনা ডোনেশনে। যোগ্যতা- অষ্টম থেকে স্নাতক। বেতন- 16,500/- 42,800/-. সাথে PF, ESI, OT সহ থাকা-খাওয়া বোনাসের সুযোগ। Vacancy limited. M- 8697963138. SA(A)

**বিশেষ বিজ্ঞপ্তি**
'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, কর্মসংস্থান

## কর্মখালি

**দমদম Airport ও মেট্রোতে পার্মানেন্ট জব। RL-No-3257**
সরকারি কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt ব্যাঙ্কে M/F কর্মী চাই। যোগ্যতা-৮ম–স্নাতক। বেতন-17,900/- 48,700/-: PF, ESI, OT সহ থাকা খাওয়া ফ্রীতে। M-9732038226. SA(A)

**গ্রুপ D পদে ফর্ম ফিলাপ**
চলছে পঃবঃ স্বীকৃত কন্ট্রাক্টারের অধীনে Airport মেট্রো ও ব্যাংকে। M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম-স্নাতক। বেতন- 18,300/-47,900/-+ ESI, PF সহ অন্যান্য সুবিধা। Ex আর্মির বিশেষ ছাড়। M-9732036558. SA(A)

**পঃবঃ এই সর্বপ্রথম এয়ারপোর্ট-মেট্রোতে**
7 দিনে স্পট জয়েনিং সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport মেট্রো ও ব্যাংকে কন্ট্রাক্টরের অধিনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম স্নাতক। বেতন-18,300/- 49,200/-. M 9563998788. SA(A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
Govt. RL No-43213 স্ট্যাম্প পেপারে লিখিত সহ Airport মেট্রো ও ব্যাংকে, M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম/স্নাতক। বেতন-18,200/- -- 47,300/- থাকা খাওয়া। M 9647777656. SA(A)


All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## ১১ কো-অর্ডিনেটর

১ পাতার পর

বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৩৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৩, ও.বি.সি. বি ক্যাটেগরি ২, তঃজাঃ ৩, ও.বি.সি. এ ক্যাটেগরি ১, তঃউঃজাঃ ১, প্রতিবন্ধী ১)।

এই পদের বিজ্ঞপ্তি নং : 36/2019.

প্রার্থী বাছাই করবে 'West Bengal Public Service Commission'. এজন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১৬০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ১৬ জানুয়ারির মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন।

## ১৫ অ্যাসি. ইঞ্জিনিয়ার

১ পাতার পর

ইরিগেশন) : সিভিল বা, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। প্র্যাক্টিক্যাল ট্রেনিং, স্টাডি বা, গবেষণার কাজে অন্তত ১ বছরের পোস্ট গ্র্যাজুয়েট অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৭, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, তঃজাঃ ৩, প্রতিবন্ধী ১)।

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (অ্যাগ্রি-ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। প্র্যাক্টিক্যাল ট্রেনিং, স্টাডি বা, গবেষণার কাজে অন্তত ১ বছরের পোস্ট গ্র্যাজুয়েট অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

দুই পদের বেলায়ই বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৩৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 37/2019.

প্রার্থী বাছাই করবে 'West Bengal Public Service Commission'. এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ১৬ জানুয়ারির মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন।

## ২০ উদ্যান পালক

১ পাতার পর

হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৭, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ২, তঃজাঃ ৪, ইং.সি. ১, তঃউঃজাঃ ১, প্রতিবন্ধী ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : 35/2019.

প্রার্থী বাছাই করবে 'West Bengal Public Service Commission'. এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১৬০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ১৬ জানুয়ারির মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন।

## ২০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

স্টাইপেন্ড মাসে ৫,০০০ টাকা। দ্বিতীয় বছর ১০% হারে বাড়বে। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, জেনাঃ ই.ডব্লু.এস. ১)।

ফিজিক্স ও কেমিস্ট্রি বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা 'লিথো অফসেট মেশিন মিন্ডার' ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ৩ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৬,০০০ টাকা। দ্বিতীয় বছর ১০% হারে ও তৃতীয় বছর ১৫% হারে বাড়বে। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, জেনাঃ ই.ডব্লু.এস. ১)।

দুই ট্রেডেই ট্রেনিং শুরু মার্চ-এপ্রিলে। বয়স হতে হবে ১-৩-২০২০'এর হিসাবে ন্যূনতম ১৪ বছর।

দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.dop.nic.in তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পিড ডাকে। পৌঁছনো চাই ৬ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায় : Officer In Charge, Govt of India Press, Minto Road, New Delhi - 02.

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন দফতরে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদে কয়েক-হাজার শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। এই পদের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। পরীক্ষা হবে ২টি পার্টে। প্রথম পার্টের পরীক্ষা হবে ২৫ জানুয়ারি। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি-৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ-৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক-৩০ নম্বর। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রথম পার্টের ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **সৌমিত্র দে।**

1. 'গ্র্যান্ড ক্যানিয়ন' গিরিখাত কোন দেশে আছে?
(a) কানাডা (b) অস্ট্রেলিয়া (c) ইংল্যান্ড (d) মার্কিন যুক্তরাষ্ট্র

2. নীচের কোনটি মৌলিক অধিকার নয়?
(a) সাম্যের অধিকার (b) স্বাধীনতার অধিকার (c) শোষণের বিরুদ্ধে অধিকার (d) সম্পত্তির অধিকার

3. কয়লা পরিশোধনের পদ্ধতিকে কী বলে?
(a) কোল ফিল্ড (b) কোল রিফাইনিং (c) কোল ওয়াশিং (d) কোল প্লেটিং

4. নীচের কোন প্রক্রিয়াটি সূর্যের শক্তির উৎস?
(a) ফিউশন (b) ফিশন (c) বিকিরণ (d) বিক্ষেপণ

5. ভারতের পশ্চিম দিকের শেষ দ্রাঘিমা রেখাটি কোন শহরের ওপরে অবস্থিত?
(a) জয়পুর (b) নাগপুর (c) ভোপাল (d) হায়দরাবাদ

6. 'কুচিপুরি' নাচের উৎস ভারতের কোন রাজ্যে?
(a) অন্ধ্র প্রদেশ (b) কেরালা (c) তামিলনাড়ু (d) কর্ণাটক

7. কোন দেশের সংবিধান বিশ্বের বৃহত্তম?
(a) ইংল্যান্ড (b) মার্কিন যুক্তরাষ্ট্র (c) ভারত (d) কানাডা

8. কাঁকড়ার ক'টি পা আছে?
(a) 8 (b) 7 (c) 6 (d) 5

9. কোন ভৌগোলিক অঞ্চল 'এশিয়া মাইনর' নামে পরিচিত?
(a) দক্ষিণ রাশিয়া (b) এশিয়ান তুর্কি (c) পামীর মালভূমি (d) পশ্চিম আফগান-ই-স্তান

10. 'হুভার ড্যাম' কোন নদীর ওপর তৈরি?
(a) কলোরাডো (b) শোন (c) হাডসন (d) কঙ্গো

11. ভারতে, 'আর্মড ফোর্স ফ্ল্যাগ ডে' কবে পালিত হয়?
(a) 26 অক্টোবর (b) 21 নভেম্বর (c) 18 ডিসেম্বর (d) 7 ডিসেম্বর

12. 'ইকো সিস্টেম' কথাটি কে প্রথম প্রবর্তন করেন?
(a) বিজ্ঞানী ওডাম (b) বিজ্ঞানী ট্যানসলে (c) বিজ্ঞানী হুইটকার (d) বিজ্ঞানী গোলি

13. কোন পাখি পিছনদিকে উড়তে পারে?
(a) ঈগল (b) হামিং বার্ড (c) উড পেকার (d) গ্রেট ইন্ডিয়ান বাস্টার্ড

14. সোনার শুদ্ধতা বোঝাতে 'ক্যারাট' একক ব্যবহৃত হয়। কত ক্যারাট সোনাকে বিশুদ্ধতম বলা হয়?
(a) 18 (b) 20 (c) 22 (d) 24

15. 'সার্ভেন্টস অফ ইন্ডিয়া সোসাইটি' কে গঠন করেন?
(a) শ্রীনিবাস শাস্ত্রী (b) পণ্ডিত হৃদয়নাথ কুঞ্জরু (c) গোপাল কৃষ্ণ গোখলে (d) বাল গঙ্গাধর তিলক

16. কোন প্রাচীন সভ্যতায় হেইরোগ্লিফিকস লিপি পাওয়া যায়?
(a) সিন্ধু (b) মিশরীয় (c) মায়া (d) ইনকা

17. 'ডাইন' কিসের একক?
(a) বল (b) ত্বরণ (c) শক্তি (d) ক্ষমতা

18. গ্যালভানাইজেশন পদ্ধতিতে লোহার ওপর কোন ধাতুর প্রলেপ দেওয়া হয়?
(a) তামা (b) টিন (c) দস্তা (d) অ্যালুমিনিয়াম

19. বর্ণালীর কোন রঙের আলোকের তরঙ্গদৈর্ঘ্য ক্ষুদ্রতম?
(a) লাল (b) হলুদ (c) নীল (d) বেগুনি

20. তামাক চাষের জন্য মাটিতে কী থাকা দরকার?
(a) পটাশ (b) ক্যালশিয়াম (c) নাইট্রোজেন (d) ম্যাগনেশিয়াম

21. 'রাজমালা' গ্রন্থে ভারতের কোন রাজ্যের ইতিহাস বর্ণিত হয়েছে?
(a) অসম (b) ত্রিপুরা (c) নাগাল্যান্ড (d) মেঘালয়

22. নীচের কোন হ্রদ থেকে খাদ্যলবণ তৈরি হয়?
(a) চিল্কা (b) উলার (c) সম্বর (d) ভেম্বানাদ

23. ভারতের কোন রাজ্যের মধ্য দিয়ে ব্রহ্মপুত্র নদী ভারতে প্রবেশ করেছে?
(a) মেঘালয় (b) অসম (c) সিকিম (d) অরুণাচল প্রদেশ

24. 'কোয়না জলবিদ্যুৎ প্রকল্প' ভারতের কোন রাজ্যে আছে?
(a) মধ্য প্রদেশ (b) গুজরাত (c) অন্ধ্র প্রদেশ (d) মহারাষ্ট্র

25. 'গুলামগিরি' গ্রন্থটি কার লেখা?
(a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (b) আচার্য বিনোবা ভাবে (c) জ্যোতিবা ফুলে (d) দাদু দয়াল

26. 'ইন্টারভিউ দ্বীপ' কোথায় অবস্থিত?
(a) লাক্ষাদ্বীপ (b) আন্দামান ও নিকোবর (c) গোয়া (d) পুদুচেরি

27. কার কাছে পরাজিত হয়ে হর্ষবর্ধনের রাজত্বের সমাপ্তি ঘটে?
(a) প্রথম পুলকেশী (b) প্রথম কীর্তিবর্মন (c) দ্বিতীয় পুলকেশী (d) প্রথম বিক্রমাদিত্য

28. বিজয়নগর সাম্রাজ্যের প্রথম শাসক বংশ কোনটি?
(a) শুব (b) সঙ্গম (c) তুলুভা (d) অরবিদু

29. কোন জাতীয়তাবাদী নেতা প্রথম 'স্বরাজ' দাবি করেন?
(a) চিত্তরঞ্জন দাশ (b) জওহরলাল নেহরু (c) দাদাভাই নওরোজি (d) বাল গঙ্গাধর তিলক

30. 'জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প' কত সালে চালু হয়?
(a) 1972 (b) 1976 (c) 1980 (d) 1982

31. কাকে 'অর্থনীতির জনক' বলে?
(a) ম্যাক্স মুলার (b) কার্ল মার্ক্স (c) অ্যাডাম স্মিথ (d) অমর্ত্য সেন

32. কোন বিজ্ঞানীর সঙ্গে 'পর্যায় সূত্র'এর সম্পর্ক আছে?
(a) ডোবেরাইনার (b) নিউল্যান্ডস (c) জন ডাল্টন (d) লোথার মেয়ার

33. নীচের কোন যৌগে কেন্দ্রীয় পরমাণুর সর্ববহিস্থ কক্ষে 8টির বেশি ইলেক্ট্রন আছে?
(a) $CH_4$ (b) $PCl_5$ (c) $NH_3$ (d) $NCl_3$

34. দৈনন্দিন জীবনে ব্যবহৃত হয়, এমন একটি সমযোজী যৌগের নাম করুন।
(a) কাপড় কাচার সোডা (b) খাদ্যলবণ (c) জল (d) চক

35. নীচের কোন যৌগটির ক্ষেত্রে 'সংকেত ভর' প্রযোজ্য?
(a) $CH_4$ (b) $CaCl_2$ (c) $H_2O$ (d) $CH_3COOH$

36. সম্প্রতি রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ কোথায় পাইকা বিদ্রোহ মেমোরিয়ালের ভিত্তি প্রস্তর স্থাপন করলেন?
(a) কটক-ওড়িশা (b) বালাম-ওড়িশা (c) খুর্দা-ওড়িশা (d) ভুবনেশ্বর-ওড়িশা

37. 2019 সালে প্রকাশিত 'ফোর্বস' পত্রিকার বিচারে, বিশ্বের 100 জন সবথেকে ক্ষমতাশালী মহিলাদের তালিকায় কে শীর্ষস্থানে আছেন?
(a) উরসুলা ভন ডের লেয়ান (b) ন্যান্সি পেলোসি (c) ক্রিস্টিন ল্যাগার্দে (d) অ্যাঞ্জেলা মর্কেল

38. সম্প্রতি কোন সাংবাদিক মহারাষ্ট্র রাজ্যসভা সাহিত্য আকাদেমি পুরস্কার ফিরিয়ে দিয়েছেন?
(a) খালি দিয়াজির (b) শিরিন দালভি (c) আনসার আবাসি (d) আহমেদ রসিদ

39. 2019 সালে কে WTA'এর 'বর্ষসেরা খেলোয়াড়'এর সম্মান পেয়েছেন?
(a) সোফিয়া কেনিন (b) টিমেয়া বাবোস (c) ক্রিস্টিনা ম্লাদেনোভিচ (d) অ্যাশলে বার্টি

40. লা লিগার ভারতীয় প্রচারদূত এখন কে?
(a) শিখর ধাওয়ান (b) রোহিত শর্মা (c) বিরাট কোহলি (d) মহেন্দ্র সিং ধোনি

41. একটি নৌকা স্থির জলে 12 কিলোমিটার/ঘণ্টা বেগে যায়। স্রোতের গতিবেগ 4 কিলোমিটার/ঘণ্টা হলে, 68 কিলোমিটার যেতে নৌকাটির কত সময় লাগবে?
(a) 4 ঘণ্টা (b) 4 ঘণ্টা 15 মিনিট (c) 4 ঘণ্টা 30 মিনিট (d) 4 ঘণ্টা 45 মিনিট

42. একটি দ্রব্য 1,920 টাকায় বিক্রি করলে যত শতাংশ লাভ হয়, 1,280 টাকায় বিক্রি করলে একই শতাংশ ক্ষতি হয়। 25% লাভ করতে হলে দ্রব্যটি কত টাকায় বিক্রি করতে হবে?
(a) তথ্য অপ্রতুল (b) 300 (c) 2000 (d) 2200

43. আমি 20 ডজন খেলনা কিনলাম 375 টাকা প্রতি ডজন হিসাবে। প্রতিটি খেলনা 33 টাকা দরে বিক্রি করলে কত শতাংশ লাভ হবে?
(a) 3.5% (b) 5.6% (c) 4.1% (d) 3.4%

44. দু'টি পাইপ একটি ট্যাঙ্ক যথাক্রমে 25 মিনিটে ও 30 মিনিটে পূর্ণ করে। অন্য একটি পাইপ প্রতি মিনিটে 3 লিটার হারে ট্যাঙ্কটি খালি করে। তিনটি পাইপ একসঙ্গে খোলা থাকলে 15 মিনিটে ট্যাঙ্কটি পূর্ণ হয়। ট্যাঙ্কের জলধারণ ক্ষমতা কত লিটার?
(a) 250 (b) 450 (c) 400 (d) 520

45. এক ব্যক্তির বয়স তার পুত্রের থেকে 24 বছর বেশি। 2 বছর পর তার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হবে। এখন পুত্রের বয়স কত বছর?
(a) 23 (b) 22 (c) 21 (d) 20

46. P, Q ও R একসঙ্গে 9 দিনে 1,620 টাকা আয় করে। P ও R দু'জনে মিলে 5 দিনে 600 টাকা আয় করে। Q ও R দু'জনে মিলে 7 দিনে 910 টাকা আয় করে। R একদিনে কত টাকা আয় করে?
(a) 40 (b) 70 (c) 90 (d) 100

47. 10 জন পুরুষ 7 দিনে একটি কাজ শেষ করে। 10 জন মহিলা ওই কাজ 14 দিনে শেষ করে। 5 জন পুরুষ ও 10 জন মহিলা একসঙ্গে কাজটি করলে কতদিনে শেষ হবে?
(a) 5 (b) 6 (c) 7 (d) 8

48. X ও Y একসঙ্গে এক সপ্তাহে 550 টাকা মাইনে পায়। X এর মাইনে, Y এর মাইনের 120%. Y এক সপ্তাহে কত টাকা মাইনে পায়?
(a) 150 (b) 300 (c) 250 (d) 200

49. একটি কলম ডিসকাউন্টে কিনলে 2.50 টাকা বেঁচে যায়। 25 টাকায় একটি কলম কিনলে কত শতাংশ টাকা বেঁচে যায়?
(a) $9\frac{1}{11}\%$ (b) $9\frac{1}{9}\%$ (c) $10\frac{1}{11}\%$ (d) $10\frac{1}{9}\%$

50. A, B ও C একটি ব্যবসায় লাভের পরিমাণ 5 : 7 : 8 অনুপাতে ভাগ করে নেয়। তারা এই ব্যবসায় যথাক্রমে 14 মাস, 8 মাস ও 7 মাসের জন্য মূলধন বিনিয়োগ করেছিল। তাদের মূলধনের বিনিয়োগের অনুপাত কত?
(a) 10 : 12 : 14 (b) 12 : 24 : 28 (c) 20 : 22 : 12 (d) 20 : 49 : 64

51. A ও B একটি ব্যবসায় 3 : 2 অনুপাতে মূলধন বিনিয়োগ করে। লাভের 5% তারা সমাজসেবায় ব্যয় করে। যদি বছরের শেষে A লভ্যাংশ পায় 855 টাকা, তাহলে মোট লাভের পরিমাণ কত টাকা?
(a) 1400 (b) 1500 (c) 1600 (d) 1200

52. যদি $64^2 - 36^2 = 10x$ হয়, তাহলে x এর মান কত?
(a) 200 (b) 220 (c) 210 (d) 280

53. $2664 \div 12 \div 6 = ?$
(a) 43 (b) 41 (c) 37 (d) 33

54. $(422 + 404)^2 - (4 \times 422 \times 404) = ?$
(a) 342 (b) 312 (c) 324 (d) কোনোটিই নয়

55. $(1^2 + 2^2 + 3^2 + \ldots\ldots\ldots + 10^2) = ?$
(a) 395 (b) 375 (c) 55 (d) 385

56. নীচের কোনটি একটি মৌলিক সংখ্যা?
(a) 307 (b) 437 (c) 247 (d) 203

57. P একটি কাজ একা 16 দিনে করে। Q ওই কাজ একা 12 দিনে করে। P, Q ও R একসঙ্গে ওই কাজ 4 দিনে করে। R একা ওই কাজটি কত দিনে করবে?
(a) $9\frac{3}{5}$ (b) $9\frac{1}{5}$ (c) $9\frac{2}{5}$ (d) 10

58. A ও B একসঙ্গে একটি কাজ 30 দিনে শেষ করে। তারা একসঙ্গে 20 দিন কাজ করার পর B চলে গেল। বাকি কাজ A, 20 দিনে শেষ করে। A একা কাজটি কত দিনে করবে?
(a) 60 (b) 50 (c) 40 (d) 30

59. এক ব্যক্তি একটি নির্দিষ্ট দূরত্ব 10 ঘণ্টায় অতিক্রম করেন। এই পথের প্রথম অর্ধেক তিনি 21 কিলোমিটার/ঘণ্টা বেগে ও দ্বিতীয় অর্ধেক তিনি 24 কিলোমিটার/ঘণ্টা বেগে অতিক্রম করেন। যাত্রাপথের মোট দূরত্ব কত কিলোমিটার?
(a) 121 (b) 242 (c) 224 (d) 112

60. এক ব্যক্তি 9 ঘণ্টায় 61 কিলোমিটার পথ অতিক্রম করেন। এই পথের কিছু অংশ তিনি 4 কিলোমিটার/ঘণ্টা বেগে ও বাকি অংশ 9 কিলোমিটার/ঘণ্টা বেগে অতিক্রম করেন। 4 কিলোমিটার/ঘণ্টা বেগে তিনি কত কিলোমিটার দূরত্ব গিয়েছিলেন?
(a) 12 (b) 14 (c) 16 (d) 18

61. $10^{222} \div 10^{220} = ?$
(a) 10 (b) 100 (c) 1000 (d) 10000

62. $6561^{0.14} \times 6561^{0.11} = ?$
(a) 16 (b) 9 (c) 4 (d) 1

63. একটি ঘরে সমান সংখ্যক পুরুষ ও মহিলা আছে। আট জন মহিলা ঘর থেকে চলে গেলে, পুরুষের সংখ্যা হয় মহিলার সংখ্যার দ্বিগুণ। প্রথমে ঘরে কতজন ছিলেন?
(a) 32 (b) 34 (c) 28 (d) 30

64. $\frac{3}{5}$ এর সঙ্গে $\frac{3}{5}$এর কত অংশ যোগ করলে যোগফল $2\frac{1}{4}$ হবে?
(a) $\frac{5}{4}$ (b) $2\frac{3}{4}$ (c) $2\frac{1}{4}$ (d) $\frac{3}{4}$

☞ এরপর ৬ পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com   Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad



## কর্মখালি

আবাসিক শিক্ষক চাই। Beng, Eng, Phy, Che, Math, Geo, His, Bio, ইসলামিক ভাবাদর্শে বালকদের উচ্চমানের আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (পঃ মধ্যশিক্ষা পর্ষদ) হাশিমিয়া ইন্টারন্যাশনাল অ্যাকাডেমি ([illegible]), মল্লিকপুর, হাড়োয়া, উঃ ২৪ পরগণা। 9564948722, ইন্টারভিউ- 7/1/2020, সকাল- ১১ টায়। মিশন ক্যাম্পাস।

B

### ট্রেনিং দিয়ে কর্মী নিয়োগ

মাধ্যমিক-স্নাতক/সিভিল ট্রেডে পাস করে থাকলে কোম্পানিতে ট্রেনিং/কাজের /ইঞ্জিনিয়ারিং পড়ার ব্যবস্থা আছে। www.ice.net.in. The Grapepower Academy. Kol-48. M-7584956125.

SH(S)

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500–18500. 8436485750

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

3 Star এবং 5 Star হোটেল ও রিসর্টে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। P.F, ESI সহ থাকা খাওয়ার সুবিধা আছে। বেতন: 12792/- 16792/-. M-8609637802.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

পঃবঃ ২৪টি জেলায় লিখিত Agreement এ সই করে নার্সিংহোম ও প্রাইভেট হাসপাতাল বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12700-17500/-. যোগাযোগ M-7719152618.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944

SA

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।

## ইন্ডিয়ান অয়েলে ৩১২

১ পাতার পর

থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রিক্যাল** : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইন্সট্রুমেন্টেশন** : ইন্সট্রুমেন্টেসন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, সিভিল** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা. কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স** : ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রনিক্স** : ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ফিটার** : আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রিশিয়ান** : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রনিক্স মেকানিক** : আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইন্সট্রুমেন্ট মেকানিক** : আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস-মেশিনিস্ট** : আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -অ্যাকাউন্ট্যান্ট** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর-ফ্রেশার অ্যাপ্রেন্টিস)** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর -স্কিল্ড সার্টিফিকেট হোল্ডার্স)** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর ডোমেস্টিক ডাটা-এন্ট্রি অপারেটর স্কিল সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

ওপরের সব ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতায় অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ৩১-১১-২০১৯'এর হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিস কোর্স ১ বছরের ও ডাটা এন্ট্রি অপারেটর আর ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর ট্রেড ১৫ মাসের ট্রেনিং। অ্যাপ্রেন্টিস আইনানুযায়ী স্টাইপেন্ড পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ২ ফেব্রুয়ারি। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই।

ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস পদের বেলায় ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) টেকনিক্যাল নলেজ (সংশ্লিষ্ট শাখার ওপর)-৪০ নম্বর, (খ) জেনারেল অ্যাপ্টিটিউট (কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট-সহ) - ২০ নম্বর, (গ) রিজনিং এবিলিটি -২০ নম্বর, (ঘ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ স্কিল - ২০ নম্বর,

'ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)' পদের বেলায় ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাপ্টিটিউট (কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট-সহ) - ৩০ নম্বর, (খ) রিজনিং এবিলিটি -৩০ নম্বর, (গ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ স্কিল - ৪০ নম্বর। ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর) পদের বেলায় ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাপ্টিটিউট অ্যান্ড রিজনিং এবিলিটি- ২৫ নম্বর, (খ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ স্কিল - ২৫ নম্বর, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট - ২৫ নম্বর, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ২৫ নম্বর। সময় থাকবে ৯০ মিনিট।

দরখাস্ত করবেন অনলাইনে ২২ জানুয়ারি পর্যন্ত, এই ওয়েবসাইটে : www.iocl.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোন রিজিয়নে ক'টি শূন্যপদ :

**দিল্লি রাজ্যে** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল) (কোড 501), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) (কোড 502), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন) (কোড 503), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল) (কোড 504), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) (কোড 505), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) (কোড 506) পদে ১৭টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪)।

**হরিয়ানা রাজ্যে** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল) (কোড 507), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) (কোড 508), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন) (কোড 509), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল) (কোড 510), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) (কোড 511), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) (কোড 512) পদে ১৮টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, ও.বি.সি. ৪)।

**হিমাচলপ্রদেশ রাজ্যে** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল) (কোড 513), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) (কোড 514), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন) (কোড 515), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল) (কোড 516), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) (কোড 517), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) (কোড 518) পদে ৩টি (জেনাঃ)।

**জম্মু ও কাশ্মীর রাজ্যে** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল) (কোড 519), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) (কোড 520), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন) (কোড 521), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল) (কোড 522), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) (কোড 523), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) (কোড 524) পদে ৩টি (জেনাঃ )।

**পঞ্জাব রাজ্যে** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল) (কোড 525), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) (কোড 526), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন) (কোড 527), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল) (কোড 528), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) (কোড 529), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) (কোড 530) পদে ১৮টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৫, ও.বি.সি. ৩)।

**রাজস্থান রাজ্যে** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল) (কোড 531), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) (কোড 532), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন) (কোড 533), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল) (কোড 534), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) (কোড 535), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) (কোড 536) পদে ১৭টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩)।

**উত্তরপ্রদেশ রাজ্যে** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল) (কোড 537), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) (কোড 538), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন) (কোড 539), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল) (কোড 540), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) (কোড 541), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) (কোড 542) পদে ৪৮টি (জেনাঃ ২২, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ১০, ও.বি.সি. ১২)।

**উত্তরাখন্ড রাজ্যে** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল) (কোড 543), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) (কোড 544), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন) (কোড 545), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল) (কোড 546), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) (কোড 547), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) (কোড 548) পদে ৪টি (জেনাঃ)।

**দিল্লি রাজ্যে** ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) (কোড 549), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান) (কোড 550), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক) (কোড 551), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক) (কোড 552), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) (কোড 553) পদে ১৭টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪)।

**হরিয়ানা রাজ্যে** ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) (কোড 554), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান) (কোড 555), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক) (কোড 556), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক) (কোড 557), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) (কোড 558) পদে ১৮টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, ও.বি.সি. ৪)।

**হিমাচলপ্রদেশ রাজ্যে** ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) (কোড 559), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান) (কোড 560), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক) (কোড 561), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক) (কোড 562), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) (কোড 563) পদে ৩টি (জেনাঃ)।

**জম্মু ও কাশ্মীর রাজ্যে** ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) (কোড 564)), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান) (কোড 565), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক) (কোড 566), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক) (কোড 562), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) (কোড 558) পদে ৩টি (জেনাঃ)। **পঞ্জাব রাজ্যে** ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) (কোড 569), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান) (কোড 570), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক) (কোড 571), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক) (কোড 572), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) (কোড 553) পদে ১৮টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৫, ও.বি.সি. ৩)।

**রাজস্থান রাজ্যে** ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) (কোড 574), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান) (কোড 575), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক) (কোড 576), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক) (কোড 577), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) (কোড 578) পদে ১৭টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩)।

**উত্তরপ্রদেশ রাজ্যে** ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) (কোড 579), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান) (কোড 580), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক) (কোড 581), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক) (কোড 582), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) (কোড 583) পদে ৪৯টি (জেনাঃ ২২, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ১০, ও.বি.সি. ১৩)।

**উত্তরাখন্ড রাজ্যে** ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার) (কোড 584), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান) (কোড 585), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক) (কোড 586), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক) (কোড 587), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) (কোড 588) পদে ৪টি (জেনাঃ)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)** পদে চন্ডীগড় (কোড 589) ২টি (জেনাঃ)। দিল্লি (কোড 590) ৩টি (জেনাঃ), হরিয়ানা (৫৯১) ৩টি (জেনাঃ), হিমাচলপ্রদেশ (৫৯২) ২টি (জেনাঃ), জম্মু ও কাশ্মীর (৫৯৩) ২টি (জেনাঃ), পঞ্জাব (৫৯৪) ২টি (জেনাঃ), রাজস্থান (৫৯৫) ৩টি (জেনাঃ), উত্তরপ্রদেশ (৫৯৬) ৫টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ২, তঃউঃজাঃ ২), উত্তরাখন্ড (৫৯৭) ২টি (জেনাঃ)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর -ফ্রেশার অ্যাপ্রেন্টিস)** পদে চন্ডীগড় (কোড 598) ১টি (জেনাঃ)। দিল্লি (কোড 599) ২টি (জেনাঃ), হরিয়ানা (৬০০) ২টি (জেনাঃ), পঞ্জাব (৬০১) ২টি (জেনাঃ), রাজস্থান (৬০২) ২টি (জেনাঃ), উত্তরপ্রদেশ (৬০৩) ৩টি (জেনাঃ), উত্তরাখন্ড (৬০৪) ১টি (জেনাঃ)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর -স্কিল সার্টিফিকেট হোল্ডার)** পদে চন্ডীগড় (কোড 605) ১টি (জেনাঃ)। দিল্লি (কোড 606) ২টি (জেনাঃ), হরিয়ানা (৬০৭) ২টি (জেনাঃ), পঞ্জাব (৬০৮) ১টি (জেনাঃ), রাজস্থান (৬০৯) ২টি (জেনাঃ), উত্তরপ্রদেশ (৬১০) ৩টি (জেনাঃ), উত্তরাখন্ড (৬১১) ১টি (জেনাঃ)।

## ৩০ ট্রেনি

১ পাতার পর

করতে পারেন। বয়স হতে হবে ২৮-১-২০২০'এর হিসাবে ২৯ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। প্রার্থী বাছাই হবে 'গেট-২০১৯' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর হবে ইন্টারভিউ। এই পদের বিজ্ঞপ্তি নং : 05/2019.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.nbccindia.com এজন্য প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Banglajobguide.blogspot.com   Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## ১০৫ টেকনিশিয়ান

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আর বয়লার কম্পিটেন্সির প্রথম শ্রেণির সার্টিফিকেট পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ১৬,৮০০-২৪,১১০ টাকা। শূন্যপদ : ৯টি। এর মধ্যে দুর্গাপুর স্টিল প্ল্যান্টে ৭টি আর অ্যালয় স্টিল প্ল্যান্টে ২টি।

অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট বা, ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ১৫,৮৩০-২২,১৫০ টাকা। শূন্যপদ : দুর্গাপুর স্টিল প্ল্যান্টে ৬০টি। এর মধ্যে ইলেক্ট্রিশিয়ানে ২৫, ফিটার ২০, মেশিনিস্ট ১০, ওয়েল্ডার ৫।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সেফটি)** : ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ইন্ডাস্ট্রিয়াল সেফটির ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : দুর্গাপুর স্টিল প্ল্যান্টে ৩টি।

অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (কেবল জয়েন্টার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর স্টেট লাইসেন্সিং বোর্ড (৩৩ কেভি পর্যন্ত) থেকে কেবল জয়েন্টিং লাইসেন্স পেয়ে থাকলে আর ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন যোগ্যতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : দুর্গাপুর স্টিল প্ল্যান্টে ৩টি।

মেডিক্যাল সার্ভিস প্রোভাইডার (ট্রেনি) - নার্সিং : বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। সায়েন্স শাখায় উচ্চ মাধ্যমিক পাশরা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আর কোনো হাসপাতালে ১ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : দুর্গাপুর স্টিল প্ল্যান্টে ২০টি।

মেডিক্যাল সার্ভিস প্রোভাইডার (ট্রেনি) - প্যারামেডিক্স : বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। সায়েন্স শাখায় উচ্চ মাধ্যমিক পাশরা প্যাথোলজি অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক ও রেডিওগ্রাফারের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আর ১ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : দুর্গাপুর স্টিল প্ল্যান্টে ৫টি। এর মধ্যে প্যাথোলজি অ্যান্ড ব্লাড ব্যাঙ্কে ৩টি, রেডিওগ্রাফার ২টি।

অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি)- হাই প্রেসার ওয়েল্ডার : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ওয়েল্ডিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর হাই প্রেসার ওয়েল্ডিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : দুর্গাপুর স্টিল প্ল্যান্টে ৫টি।

সব পদের বেলায় শুরুতে ২ বছরের ট্রেনিং। অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান ট্রেনি পদের বেলায় স্টাইপেন্ড প্রথম বছর মাসে ৮,৬০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ১০,০০০ টাকা আর অন্যান্য পদের বেলায় প্রথম বছর স্টাইপেন্ড মাসে ১০,৭০০ টাকা ও দ্বিতীয় বছর স্টাইপেন্ড মাসে ১২,২০০ টাকা। সফল হলে ১ বছরের প্রবেশন।

সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : DSP/Pers/Rectt/2019-20/DR/(EN/RS)/1, Dt : 24.12.19.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা, রাঁচী, জামশেদপুর, ভুবনেশ্বর।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ জানুয়ারি থেকে ২৭ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sail.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার ৫০০ কে.বি.'র মধ্যে জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Apply Online-ক্লিক করে যাবতীয় তথ্য দেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা এস.বি.আই. চালানে বা, অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


## রাজ্য পুলিশ কনস্টেবলে প্রিলি ও মাঠ পাশ প্রার্থীদের লিখিত পরীক্ষার স্পেশাল কোচিং ইন্ডিয়ান কোর্স অ্যাকাডেমিতে

আইকার কর্ণধার ও ১৬ বছরের অভিজ্ঞ শিক্ষক আহমেদ আলি খান স্যার জানিয়েছেন, যেসব প্রার্থী রাজ্য পুলিশের ২০১৯-এ প্রিলি ও মাঠে উত্তীর্ণ হয়েছেন তাদের স্বল্প খরচে লিখিত পরীক্ষার কোচিং দেওয়া হবে। ভর্তি চলছে। পরবর্তী ব্যাচ ৫, ১০ ও ১৫ জানুয়ারী '২০২০। এছাড়াও যেসব কোর্সে ভর্তি চলছে : রাজ্য পুলিশ (কনস্টেবল / এস.আই.), এক্সাইজ কনস্টেবল (পুরুষ / মহিলা) ও দিল্লি পুলিশ কনস্টেবল (পুরুষ / মহিলা), আর্মির বহরমপুর ও কোলাঘাট র‍্যালির লিখিত পরীক্ষা, এয়ারফোর্স (X ও Y), নেভি (SSR / AA / MR), কোস্ট গার্ড। সুযোগ সুবিধা : (১) ট্রেড অনুযায়ী বিষয় ভিত্তিক পৃথক ক্লাসের ব্যবস্থা। (২) প্রতিদিন তিনটি করে সপ্তাহে ছয়দিন ক্লাস। (৩) ইংরেজি এবং বাংলাতে স্পেশাল নোটস্। (৪) সাপ্তাহিক ক্লাস টেস্ট। (৫) ট্রেনার দ্বারা মাঠের প্রশিক্ষণ। (৬) নিজস্ব হোস্টেলে বহিরাগতদের থাকা-খাওয়ার সুব্যবস্থা। (৭) ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, অঙ্ক ও ইংরেজিতে দুর্বল প্রার্থীদের হাতে-কলমে যত্নসহকারে শেখানোর ব্যবস্থা। যোগাযোগ : হেড অফিস - দমদম এয়ারপোর্ট। ফোন- ৯৮৩৬৬৩৫৫৫৫ (৪৫৪, পি. কে. গুহ রোড, এয়ারপোর্ট গেট নং-১, কল-৭০০০২৮, হোটেল শ্রীকৃষ্ণ ইন্টারন্যাশনাল-এর নিকটে)। শিলিগুড়ি- ৭৮৯০০০৯৬৭২। রাজারহাট- ৯৮৩১২৩৪২৩৫। গড়িয়া- ৮৪২০৯১৯৭৬৫। দমদম- ৯৯০৩২২৩২১৩।

## সেন্ট পিটার্স ভোকেশনাল ট্রেনিং সেন্টারে মোটরবাইক মেরামতির ট্রেনিং



বারাকপুর ডাওসিস পরিচালিত সেন্ট পিটার্স ভোকেশনাল ট্রেনিং সেন্টারে মোটরবাইক রিপেয়ারিং ও সারভিসিং কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। ক্লাস এইট থেকে মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৫ থেকে ২২ বছরের মধ্যে। মাসিক ফী ৫০০ টাকা। আর্থিকভাবে পিছিয়ে পড়া ছেলেদের অগ্রাধিকার দেওয়া হবে। হোস্টেলের ব্যবস্থা রয়েছে। থাকা-খাওয়ার জন্য মাসে১২০০ টাকা দিতে হবে। ভরতির জন্য সম্পূর্ণ বায়োডাটা ও সদ্য তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো দিয়ে সাদা কাগজে আবেদন করতে হবে। নতুন সেশন শুরু ফেব্রুয়ারি মাস থেকে। আবেদন করতে হবে ৩০ জানুয়ারির মধ্যে এই ঠিকানায় : সেন্ট পিটার্স ভোকেশনাল ট্রেনিং সেন্টার, গোলপুকুর, বারুইপুর, কলকাতা-৭০০১৪৪। ফোন: (০৩৩)২৪৩৩৫০১৬/ ৯৩৩৯৬৪২০৪৬/৮৯১০১৬৬১৪৮/৮০১৭৪৯৩২৮০


## নিখরচায় গ্রিন স্কিল ম্যানেজমেন্টের কোর্স

**নিজস্ব প্রতিনিধি** : কেন্দ্রীয় সরকারের পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন দফতর গ্রিন স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রামের ২টি কোর্সের ট্রেনিং দিচ্ছে। এই ট্রেনিং দেওয়া হবে কল্যাণী বিশ্ববিদ্যালয়ে। ২টি কোর্সের নাম : (১) ওয়েস্ট ম্যানেজমেন্ট : সলিড ওয়েস্ট, বায়োমেডিক্যাল ওয়েস্ট, প্লাস্টিক ওয়েস্ট, কনস্ট্রাকশন অ্যান্ড ডেমোলিশন ওয়েস্ট (২) পলিউশন মনিটরস। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র কল্যাণী বিশ্ববিদ্যালয়ের এসএন বোস ইনোভেশন সেন্টারে। প্রথম কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশ। মেয়াদ প্রায় ৪৫ দিন। ইন্টারভিউ হবে ৩ জানুয়ারি। সকাল সাড়ে ১১ টায়। দ্বিতীয় কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশ বা ইঞ্জিনিয়ারিং'এ ডিপ্লোমা কোর্স পাশ। মেয়াদ প্রায় ২০ দিন। ইন্টারভিউ হবে ১০ জানুয়ারি। সকাল সাড়ে ১১টায়। বিস্তারিত জানতে পারবেন এই ওয়েবসাইটে —www.klyuniv.ac.in

## রামকৃষ্ণ মিশনে যোগার প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি** : বেলুড় মঠের রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট যোগার সার্টিফিকেট কোর্সে ভরতি নিচ্ছে। কোর্সের মেয়াদ ৬ মাস। কোর্স শুরু হবে জানুয়ারি মাস থেকে। মোট অন্তত ৫০% নম্বর নিয়ে যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৪৫ বছরের মধ্যে। আবেদন করতে হবে নির্ধারিত বয়ানে। আবেদনপত্র পাওয়া যাবে প্রতিষ্ঠানের অফিস থেকে। আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়ার শেষ দিন ১৫ জানুয়ারি। যোগাযোগের ঠিকানা- রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট, পো-বেলুড় মঠ, হাওড়া- ৭১১২০২। দরকারের ফোন করতে পারেন এই নম্বরে- (০৩৩) ৬২৯১০-৬০১৪৮।

## সোসাইটি, রিলিজিয়ন ও সোশ্যাল ওয়ার্কের কোর্স

**নিজস্ব প্রতিনিধি** : যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সোসিওলজি বিভাগের দ্য সেন্টার ফর দ্য স্টাডি অফ রিলিজিয়ন অ্যান্ড সোসাইটি ২০২০ সেশনে সোসাইটি, রিলিজিয়ন অ্যান্ড সোশ্যাল ওয়ার্কের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের ভিত্তিতে। কোর্স ফী ১০,৫০০ টাকা। আবেদনের শেষ দিন ১০ ফেব্রুয়ারি। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা -৭০০০৩২। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে- www.jaduniv.edu.in

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ১২ টি বৃত্তিমূলক ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি** : কল্যাণী বিশ্ববিদ্যালয়ের লাইফলং লার্নিং অ্যান্ড এক্সটেনশন বিভাগ ৪০টি ট্রেডে কর্মমুখী ট্রেনিং দেয়। এই মুহূর্তে ১২টি বৃত্তিমূলক ট্রেডে ভরতি নিচ্ছে। ট্রেডের নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ হল — (১) মাছ চাষ ও প্রজনন, শিক্ষাগত যোগ্যতা : ক্লাস এইট পাশ, মেয়াদ : ১ মাস (২) রঙিন মাছ চাষ, শিক্ষাগত যোগ্যতা : ক্লাস এইট পাশ, মেয়াদ :১ মাস (৩) ইলেকট্রিক্যাল ওয়ারিং, শিক্ষাগত যোগ্যতা : ক্লাস এইট পাশ, মেয়াদ : ৬ মাস (৪) অ্যাগ্রি-হর্টিকালচার, শিক্ষাগত যোগ্যতা : ক্লাস এইট পাশ, মেয়াদ : ৬ মাস (৫) কমিউনিকেটিভ ইংলিশ, শিক্ষাগত যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ, মেয়াদ : ৩ মাস (৬) প্রাইমারি হেলথ কেয়ার অ্যান্ড সোস্যাল সারভিস, শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক পাশ, মেয়াদ : ১ মাস (৭) ম্যানেজারশিপ অফ সিভিল কনস্ট্রাকশন, শিক্ষাগত যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ, মেয়াদ :১ বছর (৮) কম্পিউটার সফটওয়্যার, শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক পাশ, মেয়াদ : কোর্স অনুযায়ী (৯) কেঁচো সার তৈরি, শিক্ষাগত যোগ্যতা : লিখতে পড়তে জানলে চলবে, মেয়াদ : ১ সপ্তাহ (১০) মাশরুম চাষ, শিক্ষাগত যোগ্যতা : লিখতে পড়তে জানলে চলবে (১১) অ্যাজোলা কাল্টিভেশান, শিক্ষাগত যোগ্যতা : লিখতে পড়তে জানলে চলবে, মেয়াদ : ১ সপ্তাহ (১২) প্লাম্বিং, শিক্ষাগত যোগ্যতা : ক্লাস এইট পাশ, মেয়াদ ৬ মাস। ভরতির জন্য এখনই যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — ডিপার্টমেন্ট অফ লাইফলং লার্নিং অ্যান্ড এক্সটেনশন, ইউনিভার্সিটি অফ কল্যাণী, কল্যাণী, নদিয়া, পিন-৭৪১২৩৫, ফোন-(০৩৩) ২৫৮০-৮৩৭১/ ৯৮৩০৯৪৫০৯৫/৮৭৭৭৪১২৫৮৩।


**সরকারি চাকরির জন্য**
* একচান্সে পাশের সুযোগ 10th / 12th NIOS Board / BBOSE Exam শিগগিরই
* 2020/ June Session-এ I.T.I / NCVT (Pvt)-এ ভর্তি শুরু। Orissa-তে Exam
* UGC/DEB Approved Univ. থেকে এক চান্সে ভালো নম্বর নিয়ে পাশের সুযোগ BA /BCOM / MA / MCOM / B.Sc /M.Sc / MBA / BBA / BCA/BLIS/MLIS / BSW / MSW / Fire and Safety / Paramedical.
* Dip. Engineering / B.Tech/M.Tech (AICTE)
* B.Ed / LLB / D.Pharma Admission Going on Hotel Management

Halisahar Vasco Da Gama College Estd. 1991
Admission Guidance & Coaching Centre
7980435103
বি.দ্র. : Class/Practical করানো হয়

**সার্ভেয়র, টেলি কলার ও অফিস অ্যাসিস্ট্যান্ট চাই**
কলকাতা, বর্ধমান, মেদিনীপুর, মুর্শিদাবাদ
দক্ষিণবঙ্গে প্রপার্টি ভ্যালুয়েশন-এর জন্য জমি-বাড়ির কাগজ সম্পর্কে ভালোরকম ধারণা ও সার্ভের অভিজ্ঞতাসম্পন্ন লোক, অফিস অ্যাসিস্ট্যান্ট ও টেলিকলার চাই। যোগ্যতা : উচ্চমাধ্যমিক / স্নাতক (অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে কম্পিউটার জানা আবশ্যিক। বেতন -৮,০০০/- থেকে ১২,০০০/-। Mail : saltlake.av@gmail.com
8348590022, 9093830621

**WBCS SSC RAIL**
COMPASS INSTITUTE
নিশ্চিত চাকরির সুরক্ষা মাসিক মাত্র ৩৫০০/- টাকায় প্রতি মাসে দিতে পারেন
সব বিষয়ে শিক্ষক ও ক্লাস
Study Mat / OMR CBT Mock-Tests
১ বছরের কোর্স / শনি-রবি চাকরি না পাওয়া পর্যন্ত ক্লাস
মল্লিকবাজার-পার্ক স্ট্রীট শিয়ালদা থেকে ১০ মিনিট
CALL 9830310060

**CIPET: CENTRE FOR SKILLING AND TECHNICAL SUPPORT (CSTS): HALDIA**
*Department of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals & Fertilizers, Govt. of India*
City Center, P.O. Debhog, P.S. Bhabanipur, Haldia, PIN: 721657

**JOB ORIENTED CAD/CAM/CAE/CNC PROGRAMS**

| Programs | Course Name | Duration | Fees | Timing |
|---|---|---|---|---|
| MASTER PROGRAMES (Placement oriented) | Master Certificate Course in Plastic Product Design | 6 Months (480 Hrs.) | 50000/- | Full Time (6 Hrs./Day) |
| | Master Certificate Course in CAD/CAM/CAE | 6 Months (480 Hrs.) | 40000/- | |
| MOULD DESIGN / CAE PROGRAMES (INDUSTRY ORIENTED) | Injection Mould & Plastic Product Design with Pro mould / Unigraphics | 1.5 Months | 20000/- | Full Time/ Part Time |
| | Plastic Product Analysis using Mould Flow | 20 Days | 10000/- | |
| CAD PROGRAMS | CAD Using UNIGRAPHICS | 1 Month | 7000/- | Full Time/ Part Time |
| | CAD Using CREO / CATIA | 1 Month | 7000/- | |
| | CAD Using Solid Works / Solid Edge | 1 Month | 7000/- | |
| | Auto CAD | 1 Month | 4500/- | |
| CAM PROGRAMS | SIMULATION SOFTWARE (DELCAM / MASTERCAM) | 1 Month | 5500/- | |
| INPLANT TRAINING | Industrial Inplant Training (Toolroom / Design / Processing) | 15 Days | 2200/- | Part Time |
| CNC (Programming & Operations) | CNC LATHE / MILLING / EDM | 1 Month | 7000/- | |

**PLACEMENT ASSISTANCE FOR MASTER PROGRAMES | GST Extra**

- Limited Seats ● Hostel facility Available ● Group Discount for minimum 5 Persons
- Afternoon Batches (Flexible Timing) ● Excellent Placement Assistance

For Further Details Please Contact: Mr. Arun - 9325687908, Ms. Amrika - 9749042189, Mr. Amit - 6296950955
Website: www.cipet.gov.in
Email: cipethaldia.cad@gmail.com, cipet.haldia@gmail.com
Eligibility: Engg. / Diploma / ITI / Mechanical / Production Background


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

৩ পাতার পর

65. $5 \times 5 \div 5 = ?$
(a) 5 (b) 1 (c) 10 (d) 25

66. $\frac{\sqrt{144}}{11} \times \frac{11}{\sqrt{225}} \times \frac{15}{\sqrt{196}} = ?$
(a) 0.85 (b) 0.72 (c) 2.8 (d) 0.4

67. $\left(\sqrt{7} - \frac{1}{\sqrt{7}}\right)^2 = ?$
(a) $\frac{36}{\sqrt{7}}$ (b) $\frac{7}{36}$ (c) $\frac{36}{7}$ (d) $\frac{7}{\sqrt{36}}$

68. $(14 + 2\sqrt{13}) \times (14 - 2\sqrt{13})$ এর বর্গমূল নির্ণয় করুন।
(a) 8 (b) 9 (c) 10 (d) 12

69. কিছু টাকা সরল সুদে 40 বছরে সুদে আসলে তিনগুণ হয়। বার্ষিক সুদের হার কত?
(a) 3% (b) 6% (c) 4% (d) 5%

70. আমি 4,700 টাকায় একটি সাইকেল কিনে 800 টাকা দিয়ে সেটি মেরামত করলাম ও 5,800 টাকায় তা বিক্রি করলাম। লাভের শতকরা হার কত?
(a) 12% (b) 10% (c) $4\frac{4}{7}\%$ (d) $5\frac{5}{11}\%$

Admission Going on 2020-21 session
PHYSICS
XI, XII, NEET, JEE (Main & Adv.)
• All Teachers from IITs
• After Kolkata & Delhi First time in West Bengal Spl. Physics Classes by IITians in limited seats.
• Complete Study notes, Mock Test up to end.
10 TEACHERS GROUP
Study Centres : (1) Belgharia, (2) Bidhannagar, (3) Barrackpore, (4) Barasat, (5) Kalyani, (6) Naihati, (7) Chakdaha, (8) Chunchura, (9) Konnagar, (10) Liluah, (11) Burdwan
Name enrolment started from 10, 11, 12th appearing students.
Contact : 9163511524

**Direction (Qs. 71 – 75) :** *Fill in the blanks with proper preposition.*

71. He confided his troubles ............ his friend.
(a) in (b) to (c) with (d) by

72. The officer is quite popular ............ his juniors.
(a) between (b) with (c) among (d) in

73. He did not go ............ the whole book before giving his opinion about it.
(a) through (b) into (c) over (d) with

74. He has aptitude ............ such a work.
(a) of (b) in (c) for (d) to

75. Ajeet was annoyed ............ his wife.
(a) upon (b) on (c) with (d) at

**Direction (Qs. 76 – 80) :** *Find out one word substitution.*

76. One who eats human flesh :
(a) Beast (b) Savage (c) Cannibal (d) Carnivorous

77. Official in-charge of a museum :
(a) Dean (b) Warden (c) Curator (d) Supervisor

78. To come as a settler into another country :
(a) Alienate (b) Emigrate (c) Migrate (d) Immigrate

79. A person who pretends to have more knowledge or skill than he really has :
(a) Renegade (b) Apostle (c) Charlatan (d) Apotheosis

80. Yearly celebration of a date or an event :
(a) Centenary (b) Jubilee (c) Anniversary (d) Birthday

**Direction (Qs. 81 – 85) :** *Find out the Synonym of the following.*

81. He is a **candid** politician.
(a) frank (b) faithful (c) fearless (d) soft spoken

82. **Sagacity** increases with age.
(a) Wisdom (b) Love (c) Maturity (d) Efficiency

83. I was shocked to see my friend lying at the **edge** of the road.
(a) side (b) bank (c) corner (d) border

84. It is a **scandal** that the murderer was declared innocent.
(a) rumour (b) silly notion (c) talk (d) disgraceful action

85. We must **eradicate** corruption.
(a) minimise (b) control (c) condemn (d) uproot

**Direction (Qs. 86 – 90) :** *Find out the Antonym of the following.*

86. He harvested a rich crop from that **fecund** land.
(a) fertile (b) obsolete (c) barren (d) fruitless

87. I found my views to be **congruous** to those of my father.
(a) irregular (b) mismatch (c) inconsistent (d) disagreeing

88. The Chief Minister was given a warm welcome at the **onset** of the function.
(a) hindrance (b) commencement (c) finale (d) conclusion

89. His conduct on the stage was **applauded** unanimously.
(a) booed (b) silenced (c) hated (d) disturbed

90. According to a great philosopher **magnanimity** in a man implies many other qualities.
(a) poverty (b) jealousy (c) meanness (d) enmity

**Direction (Qs. 91 – 95) :** *Fill in the blank with suitable word from the below.*

91. Experts fail to understand the ........... behind the decision.
(a) ideology (b) judgment (c) politics (d) rationale

92. The servant obeyed the master's orders in ........... manner.
(a) candid (b) plaintive (c) obsequious (d) complaisant

93. Can anything ............ a mother's love for her child ?
(a) exchange (b) replace (c) compensate (d) displace

94. Pandit Nehru's life ........... some of the greatest events of the century.
(a) overcame (b) spanned (c) included (d) encompassed

95. His father-in-law ............ him up in business.
(a) made (b) put (c) built (d) set

**Direction (Qs. 96 – 100) :** *Find the error.*

96. My uncle forbade me (a) / not to go through (b) / the contents of this letter. (c) / No error (d)

97. Watch how careful (a) / the sparrow knits the (b) / straws into one another to form a nest. (c) / No error (d)

98. Of the two (a) / he was trying the hardest (b) / to attain the highest percentage. (c) / No error (d)

99. He was not only involved (a) / in her kidnapping (b) / but also in her murder. (c) / No error (d)

100. I can't (a) / afford to pay (b) / that much for it. (c) / No error (d)

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(d). 2(d). 3(c). 4(a). 5(b). 6(a). 7(c). 8(c). 9(b). 10(a). 11(d). 12(b). 13(b). 14(d). 15(c). 16(b). 17(a). 18(c). 19(d). 20(a). 21(b). 22(c). 23(d). 24(d). 25(c). 26(b). 27(c). 28(b). 29(d). 30(c). 31(c). 32(d). 33(b). 34(c). 35(b). 36(c). 37(d). 38(b). 39(d). 40(b). 41(b). অনুকূল বেগ = 12 + 4 = 16 কিলোমিটার/ঘণ্টা। তাহলে 68 কিলোমিটার যেতে সময় = $\frac{68}{16}$ = $4\frac{1}{4}$ ঘণ্টা = 4 ঘণ্টা 15 মিনিট। **42(c).** দ্রব্যটির ক্রয়মূল্য = $\frac{1920 + 1280}{2}$ = 1600 টাকা। তাহলে 25% লাভে বিক্রয়মূল্য = 1600 × 125% = 2000 টাকা। **43(b).** প্রতিটি খেলনার দাম = $\frac{375 \times 20}{12 \times 20}$ = 31.25 টাকা। তাহলে 33 টাকায় বিক্রি করলে লাভ = 33 – 31.25 = 1.75 টাকা। তাহলে লাভ% = $\frac{1.75}{31.25} \times 100$ = 5.6% **44(b).** 1 মিনিটে খালি হয় = $\frac{1}{25} + \frac{1}{30} - \frac{1}{15} = \frac{1}{150}$ অংশ। তাহলে সম্পূর্ণ অংশ খালি হয় 150 মিনিটে। তাহলে জলধারণ ক্ষমতা = 150 × 3 = 450 লিটার। **45(b).** মনে করি, পুত্রের বয়স = x বছর। তাহলে পিতার বয়স = (x + 24) বছর। তাহলে শর্তানুসারে, 2(x + 2) = (x + 24) + 2. তাহলে x = 22. তাহলে পুত্রের বয়স 22 বছর। **46(b).** P + Q + R = $\frac{1620}{9}$ = 180 টাকা। P + R = $\frac{600}{5}$ = 120 টাকা। Q + R = $\frac{910}{7}$ = 130 টাকা। তাহলে P + Q + 2R = 120 + 130 = 250 টাকা। তাহলে R = 250 – 180 = 70 টাকা। **47(c).** শর্তানুসারে, 10 পুরুষ = 20 মহিলা। তাহলে 5 পুরুষ + 10 মহিলা = 10 পুরুষ। তাহলে 10 পুরুষ 7 দিনে কাজটি করবে। **48(c).** X = $\frac{120Y}{100}$ = 1.2Y. তাহলে X + Y = 1.2Y + Y = 550. তাহলে 2.2Y = 550. তাহলে Y = $\frac{550}{2.2}$ = 250. তাহলে X = 250 × 1.2 = 300. তাহলে Y এর মাইনে = 250 টাকা। **49(a).** শর্তানুসারে, মুদ্রিত মূল্য = 25 + 2.50 = 27.50 টাকা। তাহলে ছাড়% = $\frac{2.50 \times 100}{27.50} = 9\frac{1}{11}\%$ **50(d).** বিনিয়োগের অনুপাত = $\frac{5}{14}:\frac{7}{8}:\frac{8}{7}$ = 20 : 49 : 64. **51(b).** A পায় 855 টাকা। তাহলে B পায় = $\frac{855 \times 2}{3}$ = 570. তাহলে মোট লাভ = 855 + 570 = 1425 টাকা। শর্তানুসারে, 95% = 1425. তাহলে 100% = $\frac{1425 \times 100}{95}$ = 1500 টাকা। **52(d). 53(c). 54(c). 55(d). 56(a). 57(a).** R একদিনে করে = $\frac{1}{4} - \left(\frac{1}{16} + \frac{1}{12}\right) = \frac{5}{48}$ অংশ। তাহলে R সম্পূর্ণ কাজ করে = $\frac{48}{5} = 9\frac{3}{5}$ দিনে। **58(a).** A ও B একসঙ্গে 20 দিনে করে $\frac{20}{30} = \frac{2}{3}$ অংশ। তাহলে বাকি কাজ = $1 - \frac{2}{3} = \frac{1}{3}$ অংশ। A এই $\frac{1}{3}$ অংশ কাজ করে 20 দিনে। তাহলে সম্পূর্ণ কাজ করবে = 20 × 3 = 60 দিনে। **59(c).** শর্টকাট ফর্মুলা : দূরত্ব = $\frac{2 \times 21 \times 24}{(21 + 24)} \times 10$ = 224 কিলোমিটার। **60(c).** মনে করি, 4 কিলোমিটার/ঘণ্টা বেগে x ঘণ্টা গেছেন। তাহলে অতিক্রান্ত দূরত্ব 4x কিলোমিটার। তাহলে বাকি (9 – x) ঘণ্টায় অতিক্রান্ত দূরত্ব = 9(9 – x) = 81 – 9x কিলোমিটার। তাহলে 4x + 81 – 9x = 61. তাহলে x = 4. তাহলে 4 কিলোমিটার/ঘণ্টা বেগে গেছেন = 4x = 4 × 4 = 16 কিলোমিটার। **61(b). 62(b). 63(a).** মনে করি, প্রথমে উভয়ের সংখ্যা ছিল x. তাহলে শর্তানুসারে, 2(x – 8) = x. তাহলে x = 16. তাহলে প্রথমে মোট লোকসংখ্যা = 2x = 16 × 2 = 32 জন। **64(c). 65(a). 66(a). 67(c). 68(d). 69(d).** বার্ষিক সুদের হার = $\frac{300 - 100}{40}$ = 5%. **70(d).** লাভ = 5800 – (4700 + 800) = 300 টাকা। তাহলে লাভ% = $\frac{330}{5500} \times 100 = 5\frac{5}{11}\%$ **71(c). 72(b). 73(a). 74(c). 75(c). 76(c). 77(c). 78(d). 79(c). 80(c). 81(a). 82(a). 83(a). 84(d). 85(d). 86(c). 87(d). 88(c). 89(a). 90(c). 91(d). 92(d). 93(b). 94(b). 95(d). 96(b). 97(a). 98(b). 99(a). 100(d).**

চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব??

• চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।
• প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।
• এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সফল্য সফল্য পত্রিকা দুটি।
• এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।
• একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনাদের কাছে uncommon বলে কিছু থাকবে না।


নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ধান বিক্রি করেন। মা বিড়ি কর্মী। আর্থিক অস্বচ্ছলতার মধ্যে পড়াশোনা করেছি। শুরু থেকেই আমার স্বপ্ন ছিল শিক্ষক হওয়ার। কিন্তু কোনো কোচিং কেন্দ্রে ভর্তি হওয়ার পয়সা ছিল না। প্রস্তুতির জন্য নিয়মিত পড়তাম 'সাফল্য'। মনের জোর আর সাফল্য পত্রিকার ওপর ভরসা করেই ২০১৯ সালে জানুয়ারি মাসে ঝাড়খণ্ডের বড়তলা হিবালপুর উচ্চ বিদ্যালয়ে সহশিক্ষক পদে চাকরি পাই।


সুমন সরকার
নদিয়া জেলার হরিণঘাটা ব্লকের মহাদেবপুর গ্রামের ছেলে আমি। বাবা কাঠের মিস্ত্রীর কাজ করে আমাদের দু'ভাইকে লেখাপড়া শিখিয়েছেন। ২০১৬ সালে ডিপ্লোমা কোর্স পাশ করি। গত বছর WBSEDCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা দেই। প্রস্তুতি হিসাবে বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই-এর সাথে 'সাফল্য' পত্রিকা পড়েছিলাম। এখন চাকরি পেয়ে মুর্শিদাবাদের একটি সাব-স্টেশনে যোগ দিয়েছি।


অনিমেষ বিশ্বাস
নদিয়া জেলার কালীনারায়ণপুর গ্রামের এক কৃষক পরিবারের ছেলে আমি। বাবা চাষবাসের কাজ করেন। ওপ ইউনি, বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই আর সাফল্য পত্রিকাই ছিল আমার স্টাডি মেটেরিয়াল। WBSETCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার হিসাবে কুলি জিরাটি এর সাবস্টেশনে এখন কর্মরত।

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## রাজ্যে ৮ হাজার কনস্টেবল নিয়োগ

১ পাতার পর

এই পদের জন্য শিক্ষাগত যোগ্যতা, বয়স, শরীরের মাপজোখ ও প্রার্থী বাছাই পরীক্ষা কেমন হবে তা দেওয়া হল : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৭ কেজি। গোর্খা, গাড়োয়ালিস, রাজবংশী ও তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি না- ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৫৩ কেজি। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ ও ওজনে ছাড় আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য মোট ৪টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা। এই পরীক্ষায় সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা। তাতে সফল হলে লিখিত মেন পরীক্ষা। তারপর হবে পার্সোন্যালিটি টেস্ট। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ -৫০ নম্বর, (খ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) -৩০ নম্বর, (গ) রিজনিং-২০ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে শারীরিক মাপজোখ (ফিজিক্যাল মেজারমেন্ট টেস্ট) ও শারীরিক সক্ষমতার পরীক্ষার (ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট) জন্য ডাকা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন, বয়স ইত্যাদি দেখা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে (কোয়ালিফাই) 'শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে। এইপরীক্ষায় কোয়ালিফাই করলে তবে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। ৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি - ২৫ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) - ২০ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস - ১৫ নম্বর। মেন পরীক্ষাতেও নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে।

## পারমাণবিক শক্তি দফতরে

১ পাতার পর

ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্ট মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক, কার্পেন্টার, প্লাম্বার, ওয়্যারম্যান, ডিজেল মেকানিক, মেশিনিস্ট, পেইন্টার, ম্যাসন, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৩৭ সেমি, ওজন অন্তত ২৫.৪ কেজি, বুকের ছাতি অন্তত ৩.৮ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে আর স্বাভাবিক দৃষ্টিশক্তি থাকা দরকার। বয়স হতে হবে ২১-১-২০২০'এর হিসাবে ১৬ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড পাবেন। শূন্যপদ : ফিটার ১০টি, টার্নার ৫টি, ইলেক্ট্রিশিয়ান ৮টি, ওয়েল্ডার ৮টি, ইলেক্ট্রনিক্স ৩টি, ইন্সট্রুমেন্ট মেকানিক ৫টি, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ৫টি, কার্পেন্টার ৬টি, প্লাম্বার ৬টি, ওয়্যারম্যান ৭টি, ডিজেল মেকানিক ৩টি, মেশিনিস্ট ৫টি, পেইন্টার ১টি, ম্যাসন ১টি, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স ৭টি। এই পদের বিজ্ঞপ্তি নং : No.TAPS/HR/2/37/2019/R. প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : http://apprenticeship.gov.in নাম নথিভুক্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর -সহ প্রিন্ট করে নেবেন। এবার দরখাস্ত করবেন অনলাইনে, ২১ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.npcilcareers.co.in এজন্য বৈধ একটি ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, আধার কার্ড, আই.টি.আই. পাশের মার্কশীট ও কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

### JADAVPUR UNIVERSITY

Kolkata - 700 032

**PG Diploma Course in Society, Religion and Social Work - 2020**

1. Eligibility and Selection procedure graduate in any discipline on the basis of interview. 2. Course Fee Rs.10,500/-. 3. Last Date for Application **10.02.2020.** 4. For details see website : **www.jaduniv.edu.in**

### OFFICE OF THE COUNCILLORS OF CHAMPDANY MUNICIPALITY

1, Poura Bhawan Road, Champdany,P.O. Baidyabati,
Dist- Hooghly, PIN 712222

**Employment Notice No.1412/19-20/C.M&1413/19-20/C.M Dated 23.12.2019**

Applications are invited in prescribed format from suitable candidates for filling up the post of 'Driver'-8 posts and 'Mazdoor' 39 posts under Champdany Municipality.Last Date of submission of application: **10/01/2020 upto 5-00 p.m.** Details of **'Employment Notice'** and **'Application format'** are available at the Office Notice Board of Champdany Municipality and at the Municipal Website: www.champdanymunicipality.org .

Sd/- Chairman,
Champdany Municipality


**সরকার স্বীকৃত চাকরীমুখী জনস্বাস্থ্যের ডিপ্লোমা কোর্স**

**Affiliated to AIILSG**

**(স্যানিটারি ইন্সপেক্টর)**

চাকরি হয় অফিসার / সুপারভাইজার পদে। রেল, কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি, পোর্ট, ক্যান্টনমেন্ট বোর্ড, অর্ডিন্যান্স ফ্যাক্টরী, ডিভিসি ও অন্যান্য সরকারি ও আধা সরকারি প্রতিষ্ঠানে।

DMLT Course (2 বছরের) Practical সহযোগে। • যোগ্যতা-মাধ্যমিক পাশ।

এছাড়াও মাধ্যমিক যোগ্যতায় ম্যালেরিয়া, ডেঙ্গু, টিবি, এইচআইভি / এডস বিষয়ে ট্রেনিং দেওয়া হয়।

**IIHT**, 226, B.B Ganguly Street, Bowbazar, Kol-700012

7278879202, 9836396734, 8017040262, 033-22259745

www.iiht. biz | শীঘ্রই ভর্তি হোন ● আসন সীমিত


### SANTIPUR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE

**(D.El.Ed. and B.Ed. Course)**

**Recognized by** N.C.T.E. and Affiliated to W.B.B.P.E. and W.B.U.T.T.E.P.A.
Vill.- Babla Dakshinpara, P.O.- Babla Gobindapur, P.S.- Santipur, Dist. Nadia, Pin- 741404, W.B.

**URGENTLY REQUIRED**

• Full-time Assistant Professors in the following subjects : **Foundation Course (02), Hindi, Life Science, Physical Science, Mathematics, English for B.Ed. Programme & Foundation Course, Environmental Science for D.El.Ed. Programme**

**Qualification :** As per the norms and standard of NCTE Regulation 2014 and Amendment Notification by NCTE dt. 09-06-2017.

• **Administrative and Professional Staff in the following posts : 1. Office Assistant-Cum-Computer Operator (01)** [B.Sc. (Comp. Sc.) or BCA] **2. Lab Assistant (01)** [BCA with 55% marks] **3. Office-cum-Account Assistant (01)** [B.Com. (H) with computer knowledge & 5 yrs. exp. in the relevant field]

E-mail your CV within 7 days from the date of Advertisement

Contact : 7908806820 / 7501246465
Email: santipurptti@gmail.com

Sd/-
President


# মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified,
Govt.. Regn. No [MAS-1/471, L-76204],
Maslandapur, North 24 Parganas,
Website : www.mvacc.org.in

**WBP Constable 2019**
মেইন পরীক্ষার সম্ভাবনা ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি। পঞ্চম ব্যাচে ভর্তি চলছে। প্রত্যেকদিন দু'টি করে ক্লাস।

কলকাতা পুলিশের শূন্যপদ আসন্ন, ভর্তি চলছে।

**WBP 2020 সালের 8000 শূন্য পদের বিজ্ঞপ্তি আসন্ন, ভর্তি চলছে।**

শংকর দার কোচিং

জীবন যুদ্ধে থাকবো পাশে

WBP SI Main ভর্তি চলছে।

সরকারী চাকুরী পাওয়ার দীর্ঘদিনের পথের দিশারী

2018 সালে 334 WBP Constable এ জন চূড়ান্ত সফলতা পেয়েছে।

দূরবর্তীদের জন্য প্রতিষ্ঠানের নিজস্ব 4 টি হোস্টেল রয়েছে। শুধুমাত্র পশ্চিমবঙ্গ নয়, বিহার, ওড়িশা, ত্রিপুরার আর্মি ফিট ছেলেদেরও ক্লাস করানো হয়।

এছাড়া ভর্তি চলছে

RPF (2020) | SSC আটবাহিনী, 2020 | ICDS Main | Airforce X/Y | NAVY SSR

সেনাবাহিনী কলকাতা ও বহরমপুর র‍্যালির মেডিকেল ফিটদের | CHSL | কলকাতা পুলিশ

বিঃদ্রঃ- RPF, Rail Group-D, SSC আটবাহিনী ইত্যাদি সমস্ত পরীক্ষার On-line Mocktest এর ব্যবস্থা আছে।

হেড অফিস (সপ্তাহে 7 দিনই খোলা)
মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা,
(শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘ ক্লাবের সন্নিকটে)
ADMISSION HELPLINE : 9733894444, 9547004388, 7432955888, 7718148464

বাঁকুড়া শাখা
কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া
(বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)
ADMISSION HELPLINE : 8001693133


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। কেঁচো সার প্রস্তুতিকে কী বলে — ভার্মিকালচার।

২। 'অণুজীববিদ্যা'র জনক কে —



বিজ্ঞানী লুই পাস্তুর।

৩। দুধে যে শর্করা পাওয়া যায় তার নাম কী — ল্যাকটোজ।

৪। প্রোটিনের পরিপাক স্থান কোনটি — পাকস্থলী ও ক্ষুদ্রান্ত্র।

৫। একটি আংশিক মৃতজীবী উদ্ভিদের নাম কী — পাইন।

### পদার্থবিদ্যা

৬। নাগরদোলার গতি কী ধরণের গতি — ঘূর্ণন গতি।

৭। জলের ক্লোরিনেশন করা হয় কেন — জলে থাকা জীবাণু ধ্বংস করার জন্য।

৮। কোন যন্ত্রের সাহায্যে অল্টারনেটিং কারেন্টকে ডিরেক্ট কারেন্টে রূপান্তরিত করা যায় — রেক্টিফায়ার।

৯। প্রদীপের পলতেতে তেল কোন পদ্ধতিতে ওপরে ওঠে — কৈশিক ক্রিয়ায়।

১০। আর্সেনিক ও অ্যান্টিমনি কী — ধাতুকল্প।

### রসায়ন

১১। বিষাক্ত মাস্টার্ড গ্যাস উৎপাদনে ব্যবহৃত জৈব যৌগটির নাম কী — ইথালিন।

১২। সাবান শিল্পে ব্যবহৃত রাসায়নিক পদার্থটির নাম কী — কস্টিক সোডা।

১৩। 'হাইড্রোক্লোরিক অ্যাসিড'কে কোন দ্রবণের মাধ্যমে শনাক্ত করা হয় — সিলভার নাইট্রেট।

১৪। কোনো বিক্রিয়ায় সদ্যমুক্ত হাইড্রোজেনকে কী বলে — জায়মান হাইড্রোজেন।

১৫। সাদা কপার সালফেটে জল মেশালে কোন রঙ হবে — নীল।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। নিজাম আসফজা কে ছিলেন — দাক্ষিণাত্যের মুঘল সুবাদার।

১৭। কর্ণাটকের নবাব কে ছিলেন — আনোয়ার-উদ-দ্দীন।

১৮। ১৪৯৮ খ্রিস্টাব্দে যে পর্তুগিজ নাবিক কালিকটে পৌঁছেছিলেন, তাঁর নাম কী — ভাস্কো-দা-গামা।

১৯। 'শাহজাহান' উপাধি কে দিয়েছিলেন — জাহাঙ্গীর।

২০। 'মহান' উপাধি কে লাভ করেছিলেন — প্রথম রাজরাজ চোল।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২১। জেনারেল ডায়ার কে ছিলেন — জালিয়ানওয়ালাবাগের পৈশাচিক হত্যাকাণ্ডের নায়ক।

২২। কোন ঘটনার পর মোহনদাস করমচাঁদ গান্ধী 'অসহযোগ আন্দোলন' পরিত্যাগ করেন — চৌরিচৌরার ঘটনার পর।

২৩। 'ভারতীয় বিশ্ববিদ্যালয় আইন'কত খ্রিস্টাব্দে বিধিবদ্ধ হয় —১৯০৪ খ্রিস্টাব্দে।

২৪। চিলিয়ানওয়ালায় ডালহৌসির শত্রুপক্ষ কে ছিলেন — দিলীপ সিংহ।

২৫। 'গণপতি উৎসব' ও 'শিবাজী



উৎসব'এর প্রবক্তা কে — বালগঙ্গাধর তিলক।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৬। পশ্চিমঘাট পর্বতের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী — কলসুবাই।

২৭। ভারতের একমাত্র উষ্ণ মরুভূমি কোথায় আছে — রাজস্থান।

২৮। কেরালা উপকূলভূমির নাম কী — মালাবার উপকূল।

২৯। উত্তর ও দক্ষিণ ভারতের জলবিভাজিকা কাকে বলে — বিন্ধ্য পর্বত।

৩০। ভারতের বৃষ্টিপাতকে কোন বায়ু নিয়ন্ত্রণ করে — দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু।

### আন্তর্জাতিক ভূগোল

৩১। 'গালাপাগোস জাতীয় উদ্যান' কোন দেশে আছে ইকুয়েডর।

৩২। আফ্রিকার 'পেম্বা' ও 'জাঞ্জিবার' দ্বীপপুঞ্জ, কী চাষ ও রফতানির জন্য বিখ্যাত — লবঙ্গ।

৩৩। 'অক্সাস' কোন নদীর প্রাচীন নাম — আমু দরিয়া।

৩৪। কোন দেশ টিউলিপ ফুলের জন্য



বিখ্যাত — হল্যান্ড।

৩৫। কোন দেশকে 'দক্ষিণের ব্রিটেন' বলে — নিউজিল্যান্ড।

## অর্থনীতি

৩৬। সম্প্রতি প্রকাশিত 'ফরচুন ইন্ডিয়া ৫০০ তালিকা'য়, কোন সংস্থা শীর্ষস্থানে রয়েছে — রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ।

৩৭। 'মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস' (MSMEs) ঋণ প্রদানের জন্য, 'ব্যাঙ্ক অফ বরোদা' সম্প্রতি ভারতের কোন রাজ্য সরকারের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে — গুজরাত সরকার।

৩৮। 'অ্যাসোসিয়েটেড চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অফ ইন্ডিয়া'র (ASSOCHAM) প্রেসিডেন্ট এখন কে — নিরঞ্জন হীরানন্দানি।

৩৯। 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র (FICCI) প্রেসিডেন্ট এখন কে — সঙ্গীতা রেড্ডি।

৪০। 'জেনারেল ইনসিওরেন্স কর্পোরেশন অফ ইন্ডিয়া'র চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এখন কে — দেবেশ শ্রীবাস্তব।

৪১। ভারতীয় রেলের 'ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি' (ICF) সম্প্রতি কত দিনে ৩,০০০ রেল কোচ তৈরি করে নজির গড়েছে — ২১৫।

## রাষ্ট্রনীতি

৪২। ভারতীয় পার্লামেন্টের উচ্চকক্ষকে রাজ্যসভা বলে কেন — এই সভা রাজ্যগুলির প্রতিনিধিত্ব করে।

৪৩। ক্যাবিনেট সচিবালয়ের রাজনৈতিক প্রধান কে — ভারতের প্রধানমন্ত্রী।

৪৪। ভারতে প্রশাসন কীভাবে বিন্যস্ত — কেন্দ্রীয়, রাজ্য, জেলা ও স্থানীয়স্তরে।

৪৫। রাজ্যসভায় সভাপতিত্ব করেন কে — ভারতের উপরাষ্ট্রপতি।

৪৬। ভারতের নির্বাচন কমিশনারদের নিয়োগ করেন কে — রাষ্ট্রপতি।

৪৭। ভারতের কেন্দ্রীয় আইনসভার জনপ্রিয় কক্ষের নাম কী — লোকসভা।

## সাম্প্রতিক ঘটনা

৪৮। 'এয়ারএশিয়া ইন্ডিয়া'র চিফ কমার্শিয়াল অফিসার কে হচ্ছেন — অঙ্কুর গর্গ।

৪৯। ৪৪ তম কলকাতা বইমেলার থিম কান্ট্রি কী — রাশিয়া।

৫০। সংশোধিত নাগরিকত্ব আইনের প্রতিবাদে উত্তাল দেশে গণতন্ত্রের ওপর আক্রমণের প্রতিবাদে সম্প্রতি 'পদ্মশ্রী' সম্মান ফেরালেন হায়দরাবাদের প্রখ্যাত সাহিত্যিক মুজতবা হুসেন। তিনি কোন ভাষার সাহিত্যিক — উর্দু।

৫১। সম্প্রতি নাগপুর-মুম্বই 'সমৃদ্ধি এক্সপ্রেসওয়ে'র নাম বদল করে, কার নামে রাখার ঘোষণা করা হয়েছে — বালা সাহেব ঠাকরে।

৫২। ২০১৯ সালে কে 'ইন্ডিয়া সাইবার কপ অফ দ্য ইয়ার' পুরস্কার পেলেন — সি.বি.আই অফিসার বি.পি.রাজু (রাজস্থানের একটি ইঞ্জিনিয়ারিং কলেজের মাধ্যমে পরিচালিত, একটি অনলাইন প্রবেশিকা পরীক্ষায় জালিয়াতি মামলার তদন্তের জন্য এই পুরস্কার পান তিনি)।

৫৩। কোন প্যারা মিলিটারি ফোর্স সম্প্রতি তাদের অবিবাহিত, বিধবা ও বিবাহ বিচ্ছিন্ন কর্মীদের জন্য বিবাহ সংক্রান্ত পোর্টাল চালু করেছে — ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ (ITBP)।

৫৪। ভারতের কোন রাজ্যের মুখ্যমন্ত্রী সম্প্রতি প্রথম 'জনতা ক্লিনিক' চালু করেছেন — রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলট (বস্তিতে বসবাসকারী মানুষদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা দিতে, জয়পুরের মালভিয়া নগর এলাকার বাল্মীকি বস্তিতে এই 'জনতা ক্লিনিক' চালু হয়েছে)।

৫৫। ক্যারিবিয়ান দেশ কিউবার



প্রধানমন্ত্রী এখন কে — ম্যানুয়েল মারেরো ক্রুজ।

৫৬। মার্কিন ফেডারেল কমিউনিকেশনস কমিশনে (FCC), প্রথম মহিলা চিফ টেকনোলজি অফিসার কে — ভারতীয় প্রযুক্তিবিদ ড. মনীষা ঘোষ।

৫৭। রাজ্যের সব বাড়িতে, নিরাপদ পানীয় জল সরবরাহ করার লক্ষ্যে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'জলসাথী' কর্মসূচি চালু করেছে — ওড়িশা।

৫৮। সম্প্রতি পাক-ই-স্তানের কোন প্রাক্তন রাষ্ট্রপতির ফাঁসির সাজা ঘোষণা করা হয়েছে — পারভেজ মোশারফ।

৫৯। কোন দেশ সম্প্রতি 'গান্ধী নাগরিকতা শিক্ষা পুরস্কার' চালু করার কথা ঘোষণা করেছে — পর্তুগাল।

৬০। কেরালার প্রথম বালক হিসাবে, কে সাহসিকতার জন্য 'ভারত পুরস্কার' পাচ্ছে — কোঝিয়াকোড়ের রামানাত্তুকারার আদিত্য কে. (চলন্ত একটি জলন্ত বাস থেকে ২০ জনকে উদ্ধার করার জন্য এই পুরস্কার পাচ্ছে সে)।

৬১। 'Turbulence and Triumph : The Modi Years' বইটির লেখক কারা — রাহুল আগরওয়াল ও ভারতী এস. প্রধান।

৬২। 'পটনা মেট্রো রেল কর্পোরেশন লিমিটেড'এর (PMRC) চেয়ারম্যান এখন কে — শিব দাস মিনা।

৬৩। সম্প্রতি ভারতের প্রথম 'ওয়াটার ফ্রম এয়ার' সিস্টেম বসানো হল সেকেন্দ্রাবাদ রেলওয়ে স্টেশনে। এই সিস্টেমটির নাম কী — মেঘদূত।

৬৪। কোন দেশ সম্প্রতি প্রথম দেশ হিসাবে, ভারতীয় ফার্মাকোপিয়াকে (IP) স্বীকৃতি দিয়েছে — আফগান-ই-স্তান।

৬৫। ভারতে 'জাতীয় কৃষক দিবস' কবে পালিত হয় — ২৩ ডিসেম্বর।

৬৬। কে সম্প্রতি বাংলাদেশের ঢাকায়, 'রজত জয়ন্তী আন্তর্জাতিক শিল্প সম্মেলন'এ সম্মানিত হলেন — প্রখ্যাত ভারতীয় প্রত্নতত্ত্ববিদ, ঐতিহাসিক রামাচন্দ্রন নাগাস্বামী।

৬৭। দ্বিতীয়বারের জন্য, আফগান-ই-স্তানের প্রেসিডেন্ট কে হচ্ছেন —



আশরফ গনি।

৬৮। 'জাতীয় অঙ্ক দিবস' কবে পালিত হয় — ২২ ডিসেম্বর।

৬৯। সম্প্রতি হিমাচল প্রদেশের 'রোটাং পাস'এর নাম পরিবর্তন করে কার নামে রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে — ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী।-

৭০। ভারতে 'ন্যাশনাল কনজিউমার রাইট ডে' কবে পালিত হয় — ২৪ ডিসেম্বর।

৭১। ভারতের নতুন বিদেশ সচিব কে হতে চলেছেন — হর্ষবর্ধন শ্রিংলা।

৭২। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ওয়াই এসআর নেথান্না নেসথাম' প্রকল্প চালু করেছে — আন্ধ্রা প্রদেশ (এই প্রকল্পের আওতায়, রাজ্যের প্রায় ৮৫,০০০ তাঁতীদের বার্ষিক ২৪,০০০ টাকা দেওয়া হবে)।

৭৩। বায়ুদূষণের বিরুদ্ধে লড়তে, ভারতের কোন রেলওয়ে স্টেশনে সম্প্রতি 'অক্সিজেন পার্লার' চালু হয়েছে — নাসিক রেলওয়ে স্টেশন (ভারতীয় রেলের সহযোগিতায়, অ্যারো গার্ডের প্রচেষ্টায় এই উদ্যোগ নেওয়া হয়েছে। এই পার্লারে ১৫,০০০ উদ্ভিদ রয়েছে। এইসব উদ্ভিদ সরাসরি বায়ুদূষণকে কমিয়ে আনতে পারে ও মানুষকে পরিষ্কার বায়ুতে শ্বাস নিতে সাহায্য করে)।

৭৪। 'ইউএস ন্যাশনাল সায়েন্স ফাউন্ডেশন'এর (NSF) রিপোর্ট অনুযায়ী, 'সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং আর্টিকলস' প্রকাশ করার ক্ষেত্রে, বিশ্বে ভারতের স্থান কত — তৃতীয় (প্রায় ১.৩৫ লাখেরও বেশি সায়েন্টিফিক পেপারস প্রকাশ করেছে ভারত। এই তালিকায় শীর্ষ স্থানে রয়েছে চিন)।

## খেলাধূলা

৭৫। ২০১৯ সালে আরসিজিসি ওপেন গলফ প্রতিযোগিতায় কে চ্যাম্পিয়ন হলেন — শ্রীলঙ্কার মিঠুন পেরেরা (মোট এইট আন্ডার ২৮০ স্কোর করে)।

৭৬। কোন পলিনেশিয়ান আইল্যান্ড ২০২৪ সালে 'প্যারিস অলিম্পিক'এ সার্ফিং ইভেন্টস আয়োজন করবে — তাহিতি।

৭৭। ২০১৯ সালে কে 'ইউনাইটেড ওয়ার্ল্ড রেস্টলিং'এর (UWW) বিচারে, 'বছরের সেরা জুনিয়র ফ্রিস্টাইল রেসলার' মনোনীত হলেন — বিশ্ব চ্যাম্পিয়নশিপে রুপোর পদকজয়ী দীপক পুনিয়া (১৮ বছরের মধ্যে, প্রথম ভারতীয় কুস্তিগির হিসাবে জুনিয়র বিশ্ব খেতাব জিতলেন ২৬ বছর বয়সি দীপক)।

৭৮। ইংল্যান্ডের লরা আলেকজান্দ্রা মার্শ সম্প্রতি অবসর নিলেন। তিনি কোন খেলার সঙ্গে যুক্ত — ক্রিকেট।

৭৯। সম্প্রতি জারি হওয়া ফিফা র‍্যাঙ্কিংয়ে, ভারতীয় পুরুষ ফুটবল দল কোন স্থানে রয়েছে — ১০৮।

৮০। ২০১৯ সালে 'ইন্টারন্যাশনাল টেনিস ফেডারেশনস'এর (ITF) তরফ থেকে কারা বিশ্ব চ্যাম্পিয়ন শিরোপা পেতে চলেছেন — পুরুষদের সিঙ্গলসে রাফায়েল নাদাল পেরেরা (স্পেন) ও মহিলাদের সিঙ্গলসে অ্যাশলে বার্টি (অস্ট্রেলিয়া)।

৮১। বিখ্যাত পত্রিকা 'জিকিউ'এর বিচারে, কে সম্প্রতি এই দশকের সেরা স্টাইলিশ পুরুষ মনোনীত হলেন — সুইস টেনিস তারকা রজার ফেডেরার (ইনস্টাগ্রামে সমর্থকদের ভোটের ভিত্তিতে সেরাদের তালিকা তৈরি করা হয়েছে)।

৮২। ২০১৯ সালে 'ফোর্বস' পত্রিকার বিচারে, ১০০ জন ভারতীয় তারকার মধ্যে কোন ভারতীয় ক্রিকেটার শীর্ষে স্থান পেলেন — বিরাট কোহলি (৮ বছরের মধ্যে প্রথমবার কোনো ক্রীড়াবিদ এই জায়গায় পৌঁছালেন। ২০১৮ সালের ১ অক্টোবর থেকে ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত কোহলির আয় ২৫২.৭২ কোটি)।

৮৩। ২০১৯ সালে ষষ্ঠ 'কাতার আন্তর্জাতিক ভারোত্তোলন কাপ'এ মেয়েদের ৪৯ কেজি বিভাগে কে



সোনার পদক পেলেন — ভারতের সাইখোম মীরাবাই চানু (১৯৪ কেজি ওজন তুলেছেন তিনি)।

৮৪। ২০১৯ সালে বাংলাদেশে অনুষ্ঠিত, 'জুনিয়র ইন্টারন্যাশনাল সিরিজ ব্যাডমিন্টন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ভারতের মেইরাবা লুয়াং।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**১৯ ডিসেম্বর** : বস্তিতে বসবাসকারী মানুষদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা দিতে, জয়পুরের মালভিয়া নগর এলাকার বাল্মীকি বস্তিতে প্রথম 'জনতা ক্লিনিক' চালু করলেন রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলট। প্রথম পর্যায়ে ১২টি জনতা ক্লিনিক খোলা হবে, যেখানে মানুষ বিনামূল্যে ওষুধের পাশাপাশি কিছু ক্ষেত্রে মেডিক্যাল পরীক্ষাও করাতে পারবেন। পরে এই প্রকল্পের দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ে এইসব জনতা ক্লিনিক অন্যান্য অঞ্চলেও চালু করা হবে।

☐ সেকেন্দ্রাবাদ রেলওয়ে স্টেশনে বসল ভারতের বায়ুমণ্ডলীয় জল জেনারেটর কিয়স্ক। এটির নাম 'মেঘদূত'। এই ডিভাইসটি সরাসরি বায়ু থেকে জল সংগ্রহ করে। এই জেনারেটরটি দিনে প্রায় ১,০০০ লিটারের মতো জল উৎপাদন করতে পারে। 'মেক ইন ইন্ডিয়া' কর্মসূচির আওতায় 'মাইথ্রি অ্যাকোয়াটেক' এই বায়ুমণ্ডলীয় জল জেনারেটর তৈরি করেছে।

☐ রাজ্যের সব বাড়িতে, নিরাপদ পানীয় জল সরবরাহ করার লক্ষ্যে, 'জলসাথী' কর্মসূচি চালু করলেন ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পটনায়েক। এই কর্মসূচি বাস্তবায়নের জন্য, উওমেন ফেডারেশনস ইন ভুবনেশ্বরের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে 'ওয়াটার কর্পোরেশন অফ ওড়িশা' (WATCO)। এই কর্মসূচির আওতায়, ৫০ হাজারেরও বেশি মহিলা ওড়িশায় নিরাপদ পানীয় জল সরবরাহের জন্য নিযুক্ত থাকবেন।

☐ ভারতকে ৪-০ ব্যবধানে হারিয়ে, মেয়েদের অনূর্ধ্ব-১৭ ফুটবলের ফাইনালে চ্যাম্পিয়ন হল সুইডেন।

**২০ ডিসেম্বর** : 'পটনা মেট্রো রেল কর্পোরেশন লিমিটেড'এর (PMRC) চেয়ারম্যান হলেন শিব দাস মিনা।

☐ ষষ্ঠ 'কাতার আন্তর্জাতিক ভারোত্তোলন কাপ'এ মেয়েদের ৪৯ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতের সাইখোম মীরাবাই চানু। ১৯৪ কেজি ওজন তুলেছেন তিনি।

☐ বিশ্বের সবথেকে বড় স্বেচ্ছাসেবী সংস্থা 'ব্র্যাক'এর প্রতিষ্ঠাতা স্যার ফজলে হাসান আবেদ (৮৩ বছর) মারা গেলেন। ১৯৭২ সালে 'ব্র্যাক' প্রতিষ্ঠা করার পর সংস্থাটি বিশ্বের সবথেকে বড় বেসরকারি উন্নয়ন সংস্থায় পরিণত হয়েছে। দারিদ্র বিমোচন ও উন্নয়নে ভূমিকা রাখায়, বাংলাদেশ ও বিশ্বের অনেক গুরুত্বপূর্ণ পুরস্কার ও সম্মান পেয়েছেন তিনি।

☐ মোহনদাস করমচাঁদ গান্ধীর চিন্তাভাবনা ও জীবন থেকে অনুপ্রাণিত হয়ে, 'গান্ধী নাগরিকতা শিক্ষা পুরস্কার' চালু করার কথা ঘোষণা করলেন পর্তুগালের প্রধানমন্ত্রী অ্যান্তোনিও কোস্তা। তিনি জানিয়েছেন, প্রথম বছরের এই পুরস্কার প্রাণী কল্যাণে উৎসর্গ করা হবে।

**২১ ডিসেম্বর** : বলিউড তারকাদের পিছনে ফেলে, 'ফোর্বস' পত্রিকার বিচারে, ১০০ জন ভারতীয় তারকার মধ্যে প্রথমবার শীর্ষে স্থান পেলেন ভারত অধিনায়ক বিরাট কোহলি। ৮ বছরের মধ্যে প্রথমবার কোনো ক্রীড়াবিদ এই জায়গায় পৌঁছালেন। ২০১৮ সালের ১ অক্টোবর থেকে ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত কোহলির আয় ২৫২.৭২ কোটি। দ্বিতীয় স্থানে রয়েছেন অভিনেতা অক্ষয় কুমার। তাঁর আয় ২৯৩.২৫ কোটি। অক্ষয় কুমারের থেকে কম আয় করা সত্ত্বেও, কোহলি কীভাবে ১ নম্বরে স্থান পেলেন, তার কারণ হিসাবে 'ফোর্বস' জানিয়েছে, 'সেলিব্রিটি র‍্যাঙ্ক তৈরি হয় তাঁদের রোজগারের পাশাপাশি তাঁদের প্রিন্ট ও সোশ্যাল মিডিয়া সার্চ দিয়ে। কোনো কোনো তারকা চাহিদার দিক থেকে অনেক উচ্চতায় থাকেন, টাকার নিরিখে এগিয়ে থাকাদের থেকে। আবার কারো আয় বেশি হলেও, তাঁর চাহিদা তেমন থাকে না।'



**২২ ডিসেম্বর** : নিউইয়র্কের কায়রো শহর থেকে খোঁজ মিলল প্রায় ৩৮ কোটি ৫০ লাখ বছরের পুরনো অরণ্যের। এর আগে নিউইয়র্কের গিলবোয়ায় জঙ্গলের যে জীবাশ্ম মিলেছিল, সেটিকেই বিশ্বের প্রাচীনতম ভেবেছিলেন বিজ্ঞানীরা। কিন্তু সাম্প্রতিক সমীক্ষা অনুযায়ী, কায়রোর এই অরণ্য গিলবোয়ার জঙ্গলের থেকেও প্রায় ২০-৩০ লাখ বছরের পুরনো ও চরিত্রগতভাবেও আলাদা। গবেষকদের মতে, বিধ্বংসী বন্যায় জঙ্গলের বেশিরভাগ গাছ মরে গিয়েছিল। শিকড়গুলি জীবাশ্ম হিসাবে থেকে গিয়েছে। এমনকি বড় বড় গাছের কাছে মাছের জীবাশ্মও পাওয়া গিয়েছে। বিপুল সবুজের উপস্থিতিতে কার্বন ডাই অক্সাইডের মাত্রা অনেকটা কমে গিয়েছিল, আর তাতেই পৃথিবীর তাপমাত্রা কমে যায়। এটাই বিপুল অরণ্য ধ্বংসের কারণ।

☐ মার্কিন ফেডারেল কমিউনিকেশনস কমিশনে (FCC), প্রথম মহিলা চিফ টেকনোলজি অফিসার হলেন ভারতীয় প্রযুক্তিবিদ ড. মনীষা ঘোষ।

☐ দ্বিতীয়বারের জন্য, আফগানিস্তানের প্রেসিডেন্ট হচ্ছেন আশরফ গনি।

☐ ক্যারিবিয়ান দেশ কিউবার প্রধানমন্ত্রী হলেন ম্যানুয়েল মারেরো ক্রুজ।

☐ দোহার খালিফা ইন্টারন্যাশনাল স্টেডিয়ামে, ব্রাজিলের ফ্ল্যামেঙ্গো ফুটবল ক্লাবকে ১-০ ব্যবধানে হারিয়ে, প্রথমবার ফিফা ক্লাব বিশ্বকাপে চ্যাম্পিয়ন হল লিভারপুল ফুটবল ক্লাব। গত মরসুম থেকে জুরগেন ক্লপ প্রশিক্ষণাধীন প্রিমিয়ার লিগ জায়ান্টদের ধারাবাহিক সাফল্যে যোগ হল নয়া পালক। ব্রাজিলিয়ান স্ট্রাইকার রবার্তো ফিরমিনোর করা একমাত্র গোলে ২০০৮ সালে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের পর, ইংল্যান্ডের দ্বিতীয় ক্লাব হিসাবে ক্লাব বিশ্বকাপের শিরোপা পেল লিভারপুল।

☐ বাংলাদেশে অনুষ্ঠিত, 'জুনিয়র ইন্টারন্যাশনাল সিরিজ ব্যাডমিন্টন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের মেইরাবা লুয়াং।

এরপর ১৩ পাতায়

### 'ইন্টারন্যাশনাল টেনিস ফেডারেশনস'এর (ITF) বিশ্ব চ্যাম্পিয়ন পুরস্কার — ২০১৯



☐ **পুরুষ সিঙ্গলস** : রাফায়েল নাদাল পেরেরা (স্পেন)।
☐ **মহিলা সিঙ্গলস** : অ্যাশলে বার্টি (অস্ট্রেলিয়া)।
☐ **মহিলা ডাবলস** : টিমেয়া বাবোস (হাঙ্গেরি) ও ক্রিস্টিনা ম্লাদেনোভিচ (ফ্রান্স)।
☐ **পুরুষ ডাবলস** : জুয়ান সেবাস্তিয়ান কাবাল ও রবার্ট ফারাহ (কলম্বিয়া)।
☐ **পুরুষদের হুইলচেয়ার** : গুস্তাভো ফার্নান্দেজ (আর্জেন্তিনা)।
☐ **মহিলাদের হুইলচেয়ার** : দিয়েদে দে গ্রুট (নেদারল্যান্ড)।
☐ **কোয়াড** : ডাইলান মার্টিন অ্যালকট (অস্ট্রেলিয়া)।

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।

* 'সাহিত্য আকাদেমি পুরস্কার' দেশের অন্যতম শীর্ষ সাহিত্য পুরস্কার।
* ১৯৫৪ সালের ১২ মার্চ, ভারত সরকার 'সাহিত্য আকাদেমি'র আনুষ্ঠানিক উদ্বোধন করে।
* আকাদেমি দ্বারা স্বীকৃত, ভারতের সব রাষ্ট্রভাষায় রচিত অসামান্য সাহিত্যকীর্তিগুলির স্বীকৃতিস্বরূপ এই পুরস্কার দেওয়া হয়।
* এই পুরস্কারটির উদ্দেশ্য হল, ভারতীয় লেখায় শ্রেষ্ঠত্বকে স্বীকৃতি দেওয়া ও প্রচার করা।
* পুরস্কার প্রাপকদের বাছাইয়ের বার্ষিক প্রক্রিয়া পূর্ববর্তী ১২ মাস ধরে চলে।
* সাহিত্য আকাদেমি পুরস্কারের ফলকের নকশা তৈরি করেছিলেন ভারতীয় চলচ্চিত্র পরিচালক সত্যজিৎ রায়। এর আগে এই ফলকটি ছিল মার্বেলের তৈরি। কিন্তু অতিরিক্ত ওজন হওয়ায় ফলকটি বন্ধ হয়ে যায়।
* ১৯৬৫ সালে, ভারত-পাক-ই-স্তান যুদ্ধের সময় ফলকটি জাতীয় সঞ্চয়পত্রের সঙ্গে প্রতিস্থাপিত হয়েছিল।
* মূলত মোট ২৪টি ভাষায় সাহিত্য আকাদেমি পুরস্কার দেওয়া হয়। তবে এবছর ২৩টি ভাষায় পুরস্কার ঘোষণা করা হয়েছে। শুধুমাত্র নেপালি ভাষায় পুরস্কার প্রাপকের নাম পরে ঘোষণা করা হবে।
* এখন সাহিত্য আকাদেমির চেয়ারম্যান ভারতীয় কবি, নাট্যকার, লোককাহিনীবিদ, চলচ্চিত্র পরিচালক ড. চন্দ্রশেখর কাম্বারা।
* এই পুরস্কারের অর্থমূল্য ১ লাখ টাকা। এর সঙ্গে দেওয়া হয় শাল ও নকশা করা তাম্রপাত্র।

## সাহিত্য আকাদেমি পুরস্কার



১৮ ডিসেম্বর, মোট ২৩টি ভাষায় ২০১৯ সালের 'সাহিত্য আকাদেমি পুরস্কার' প্রাপকদের নাম ঘোষিত হল। সরকারি প্রেস বিজ্ঞপ্তি অনুযায়ী, ৭টি কাব্যগ্রন্থ, ৪টি উপন্যাস, ৬টি ছোট গল্প, ৩টি নন-ফিকশন বই ও ৩টি প্রবন্ধ এবছর এই পুরস্কার জিতেছে। ২৫ ফেব্রুয়ারি, দিল্লিতে সাহিত্য আকাদেমির এক বিশেষ অনুষ্ঠানে এই পুরস্কার দেওয়া হবে।

### একনজরে ২০১৯ সালের সাহিত্য আকাদেমি পুরস্কার প্রাপকদের তালিকা

* **অসমীয়া** : জয়শ্রী গোস্বামী মহন্ত — 'চাণক্য' উপন্যাসের জন্য।
* **বাংলা** : চিন্ময় গুহ — 'ঘুমের দরজা ঠেলে' প্রবন্ধগ্রন্থের জন্য।
* **বোড়ো** : ফুকান চন্দ্র বসুমাতারি — 'আখাই অথুমনিফরাই' কবিতার জন্য।
* **ডোগরি** : ওম শর্মা জানদ্রিয়ারি — 'বানদ্রালতা দর্পন' প্রবন্ধগ্রন্থের জন্য।
* **ইংরিজি** : শশী থারুর — অ্যান এরা অফ ডার্কনেস : দ্য ব্রিটিশ এম্পায়ার ইন ইন্ডিয়া' নন-ফিকশনের জন্য।
* **গুজরাতি** : রতিলাল বোরিসাগর — 'মোজমা রেভু রে' প্রবন্ধগ্রন্থের জন্য।
* **হিন্দি** : নন্দ কিশোর আচার্য — 'ছিলাতে হুয়ে আপনে কো' কবিতার জন্য।
* **কন্নড়** : বিজয়া — 'কুদি এসারু' আত্মজীবনীর জন্য।
* **কাশ্মীরি** : আব্দুল আহাদ হাজিনি — 'আখ ইয়াদ আখ কয়ামত' ছোটগল্পের জন্য।
* **কোঙ্কনি** : নিলবা খান্দেকর — 'দ্য ওয়ার্ডস' কবিতার জন্য।
* **মৈথিলি** : কুমার মনীশ অরবিন্দ — 'জিঙ্কিক ওরিয়াওন কারাইত' কবিতার জন্য।
* **মালয়লম** : ভি. মধুসূদনন নায়ার — 'আছান পিরান্না ভিদু' কবিতার জন্য।
* **মণিপুরি** : এল. বীরমঙ্গল সিং (বেরিল থাঙ্গা) — 'এই আমাদি আদুঙ্গেইগি এথাথ' উপন্যাসের জন্য।
* **মারাঠি** : অনুরাধা পাটিল — 'কদাচিৎ আজুনাহি' কবিতার জন্য।
* **ওড়িয়া** : তরুণ কান্তি মিশ্র — 'ভাস্বতী' ছোটগল্পের জন্য।
* **পঞ্জাবি** : কিরপাল কাজাক — 'আনথিন' ছোটগল্পের জন্য।
* **রাজস্থানি** : রামস্বরূপ কিসান — 'বারিক বাত' ছোটগল্পের জন্য।
* **সংস্কৃত** : পেন্না মধুসূদন — 'প্রজনাছাকশুসাম' কবিতার জন্য।
* **সাঁওতাড়** : কালী চরণ হেমব্রম — 'শিশিরজালি' ছোটগল্পের জন্য।
* **সিন্ধি** : ঈশ্বর মুরজানি — 'জিজাল' ছোটগল্পের জন্য।
* **তামিল** : ছো. ধর্মন — 'সুল' উপন্যাসের জন্য।
* **তেলুগু** : বান্দি নারায়ণা স্বামী — 'সেপতাভূমি' উপন্যাসের জন্য।
* **উর্দু** : সাফেই কিদওয়াই — 'সোয়ানে-এ-সির সইদ : এক বজদিদ' জীবনীর জন্য।





চিন্ময় গুহ




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



১২ পাতার পর

**২৩ ডিসেম্বর :** দেশের নতুন বিদেশ সচিব হতে চলেছেন হর্ষবর্ধন শ্রিংলা।

☐ সকাল ১১টা ৪৫ মিনিটে, ওড়িশার চাঁদিপুরের ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে, এই প্রথম ভূমি থেকে ভূমি বিমান বিধ্বংসী ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালালো ভারত। এই ক্ষেপণাস্ত্রের নাম 'কুইক রিঅ্যাকশন সারফেস টু এয়ার মিসাইল' (QRSAM)। সম্পূর্ণ ভারতীয় প্রযুক্তিতে তৈরি প্রথম 'সারফেস টু এয়ার' মিসাইল ৯০ কিলোমিটার দূরের বস্তুকে আঘাত হানতে সক্ষম। সব ঠিক থাকলে ২০২১ সালে এই মিসাইলটি সেনার হাতে তুলে দেবে 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন' (DRDO)।

☐ বাংলাদেশের ঢাকায়, 'রজত জয়ন্তী আন্তর্জাতিক শিল্প সম্মেলন'এ সম্মানিত হলেন ভারতীয় প্রত্নতত্ত্ববিদ ও ঐতিহাসিক রামাচন্দ্রন নাগাস্বামী। 'তামিলনাড়ু প্রত্নতত্ত্ব বিভাগ'এর প্রতিষ্ঠাতা তথা পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছিলেন তিনি। ২০১৮ সালে, ভারতের তৃতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার 'পদ্ম ভূষণ' পেয়েছিলেন তিনি।



কেরালার প্রথম বালক হিসাবে, সাহসিকতার জন্য 'ভারত পুরস্কার' পাচ্ছে কোঝিয়াকোড়ের রামানাত্তু কারার আদিত্য কে.। নয়াদিল্লিতে, প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজে প্রধানমন্ত্রী এই পুরস্কার আদিত্যর হাতে তুলে দেবেন। চলন্ত একটি জ্বলন্ত বাস থেকে ২০ জনকে উদ্ধার করার জন্য এই পুরস্কার পাচ্ছে সে। এছাড়া, আরও ২ জন শিশুও এই পুরস্কার পাচ্ছে। ৩ জনের জীবন বাঁচানোর জন্য, মরণোত্তর পুরস্কার পাচ্ছে মুহাম্মদ মহসিন ও আসন্ন ট্রেনের থেকে এক মহিলা আর এক কিশোরীকে উদ্ধারের জন্য এই পুরস্কার পাচ্ছে ফাতাহ।

☐ বিশ্বের জনসংখ্যার চালচিত্র প্রকাশিত হল। 'জার্মানি'স ফাউন্ডেশন ফর ওয়ার্ল্ড পপুলেশন' এর সমীক্ষা রিপোর্ট অনুযায়ী, ২০১৯ সালে বিশ্বের মোট জনসংখ্যা ৭৭৫ কোটি। যা গতবছরের তুলনায় ৮ কোটি ৩০ লাখ বেশি। জন্মহারে সবথেকে শীর্ষে রয়েছে আফ্রিকার সব দেশ। সেখানে এই হার সারা বিশ্বের নিরিখে প্রায় দ্বিগুণ, ৪.৪।



বিখ্যাত পত্রিকা 'জিকিউ'এর বিচারে, এই দশকের সেরা স্টাইলিশ পুরুষ মনোনীত হলেন সুইস টেনিস তারকা রজার ফেডেরার। ইনস্টাগ্রামে সমর্থকদের ভোটের ভিত্তিতে সেরাদের তালিকা তৈরি করা হয়েছে। ১৬ জনের মধ্যে ফেডেরারকেই সবথেকে স্টাইলিশ পুরুষ হিসাবে বেছে নেওয়া হয়েছে। পিছনে ফেললেন ডেভিড বেকহ্যাম, লেব্রন জেমস, হলিউড অভিনেতা রায়ান গসলিং, গায়ক কেনিয়ে ওয়েস্ট ও অ্যাসাপ রকির মতো তারকাদের।

**২৪ ডিসেম্বর :** 'অ্যাসোসিয়েটেড চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অফ ইন্ডিয়া'র (ASSOCHAM) প্রেসিডেন্ট হলেন নিরঞ্জন হীরানন্দানি।

☐ 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র (FICCI) প্রেসিডেন্ট হলেন সঙ্গীতা রেড্ডি।

## সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

☐ 'সর্বত্র কবচ' নামে বুলেটপ্রুফ জ্যাকেট তৈরি করার জন্য, 'আর্মি ডিজাইন ব্যুরো' (ADB) এক্সেলেন্স পুরস্কার পেলেন মেজর অনুপ মিশ্র। স্নাইপার স্টিল বুলেট-সহ বিভিন্ন গোলাবারুদের বিরুদ্ধে সুরক্ষা দিতে পারে এই জ্যাকেট। নয়াদিল্লিতে, মানেকশাউ সেন্টারে 'আর্মি টেকনোলজি সেমিনার'এ (ARTECH) এই পুরস্কার দেওয়া হয়েছে।

☐ বায়ুদূষণের বিরুদ্ধে লড়তে, নাসিক রেলওয়ে স্টেশনে চালু হল 'অক্সিজেন পার্লার'। ভারতীয় রেলের সহযোগিতায়, অ্যারো গার্ডের প্রচেষ্টায় এই উদ্যোগ নেওয়া হয়েছে। এই পার্লারে ১৫,০০০ উদ্ভিদ রয়েছে। এইসব উদ্ভিদ সরাসরি বায়ুদূষণকে কমিয়ে আনতে পারে ও মানুষকে পরিষ্কার বায়ুতে শ্বাস নিতে সাহায্য করে।

☐ 'ওয়াইএসআর নেথান্না নেসথাম' প্রকল্প চালু করলেন অন্ধ্র প্রদেশের মুখ্যমন্ত্রী ইয়েদুগুরি সানদিনতি জগন্মোহন রেড্ডি। অন্ধ্র প্রদেশের অনন্তপুর জেলার ধর্মভারাম শহরে প্রকল্পটি চালু হয়েছে। এই প্রকল্পের আওতায়, রাজ্যের প্রায় ৮৫,০০০ তাঁতীদের বার্ষিক ২৪,০০০ টাকা দেওয়া হবে। প্রকল্পটি সব তাঁতী পরিবারকে সচ্ছলভাবে জীবনযাপন করতে সহায়তা করবে।

☐ 'জাতীয় শুটিং'এ সিনিয়র ও জুনিয়র বিভাগে মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তলে জোড়া সোনার পদক পেলেন মনু ভাকের। ১৭ বছর বয়সি এই শুটার সিনিয়র বিভাগে ২৪১ স্কোর করেন। জুনিয়র ক্যাটেগরিতে তাঁর স্কোর ২৪৩।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# স্বাস্থ্য দফতরে ফিজিওথেরাপিস্ট

পশ্চিমবঙ্গ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি 'ফিজিওথেরাপিস্ট' পদে ৭ জন লোক নিচ্ছে। ফিজিওথেরাপির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ফিজিওথেরাপির ডিপ্লোমা কোর্স পাশরা লেপ্রসি সংক্রান্ত বিষয়ে অন্তত ৩ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন যোগ্যতা থাকলেও যোগ্য। কম্পিউটারে কাজ করায় দক্ষতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ ১, ও.বি.সি.-এ ১, ও.বি.সি. - বি ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, প্রতিবন্ধী ১)।

শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে তালিকা তৈরি হবে। তারপর কম্পিউটার টেস্ট ও ইন্টারভিউ হবে। শিক্ষাগত যোগ্যতায় থাকবে ২০ নম্বর, পেশাগত যোগ্যতায় থাকবে ২০ নম্বর আর অভিজ্ঞতার জন্য থাকবে ১০ নম্বর। কম্পিউটার টেস্টে ১০ নম্বর ও ইন্টারভিউয়ে থাকবে ১০ নম্বর। এই পদের বিজ্ঞপ্তি নং SHFWS/2019/199, Dated: 23.12.2019.

দরখাস্ত করবেন অনলাইনে, ৮ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৫০) টাকা অনলাইনে বা, অফলাইনে জমা দেবেন। অফলাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখ ১৩ জানুয়ারি।




# ৩২ ক্লার্ক, স্টেনো

১ পাতার পর

আবেদনের যোগ্য :

**স্টেনোগ্রাফার, গ্রেড III :** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৩০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের অন্তত ৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হবে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**লোয়ার ডিভিশন ক্লার্ক :** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের অন্তত ৬ মাসের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। কম্পিউটার অপারেশনে যথার্থ ফিঙ্গারিং স্পিড থাকতে হবে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৩, জেনাঃ ই.সি. ২, জেনাঃ প্রতিবন্ধী ১, জেনাঃ প্রাঃসঃকঃ ১, তঃজাঃ ২, তঃজাঃ ই.সি. ১, তঃজাঃ প্রাঃসঃকঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ১)।

**গ্রুপ-ডি :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানা দরকার। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ২, জেনাঃ ই.সি. ২, জেনাঃ প্রাঃসঃকঃ ১, জেনাঃপ্রতিবন্ধী ১, তঃজাঃ ২, তঃজাঃ ই.সি. ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ১)।

**নাইটগার্ড :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানা দরকার। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০১৯'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ইংলিশ স্টেনোগ্রাফার পদের বেলায় ৩টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে জেনারেল ইংলিশ বিষয়ে ১০০ নম্বরের দেড় ঘন্টার প্রশ্ন হবে। দ্বিতীয় পেপারে ডিকটেশন ও ট্রান্সক্রিপশন টেস্ট (২০০ নম্বরের)। এরপর ১০ মিনিটে ১০০ নম্বরের কম্পিউটার টাইপিং টেস্ট। এরপর হবে পার্সোন্যালিটি টেস্ট আর কম্পিউটার দক্ষতার পরীক্ষা।

লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় ২টি পার্ট থাকবে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংলিশ, জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স আর অ্যারিথমেটিক। সময় থাকবে দেড় ঘন্টা। দ্বিতীয় পার্টে থাকবে ইংরিজি ও বাংলা বিষয়ের ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন। সময় দেড় ঘন্টা। এরপর ২০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট ও কম্পিউটার টেস্ট।

মালি পদের বেলায় পার্সোন্যালিটি টেস্ট হবে।

গ্রুপ-ডি ও নাইট গার্ড পদের বেলায় ৫০ নম্বরের ৫০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে ইংরিজি, জেনারেল নলেজ ও অ্যারিথমেটিক বিষয়ে। সময় ১ ঘন্টা। এরপর ১৫ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট ও কম্পিউটার অপারেশন টেস্ট। এই পদের বিজ্ঞপ্তি নং : RC 01 of 2019, dated kalimpong, the nineteenth day of December, 2019.

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.calcuttahighcourt.gov.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (১০০×১২০ পিক্সেলে), সিগনেচার (১৬০×৭০ পিক্সেলে), কাস্ট সার্টিফিকেট, প্রতিবন্ধী সার্টিফিকেট ও মেধাবী খেলোয়াড় সার্টিফিকেট স্ক্যান করে নেবেন।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এবার পরীক্ষা ফী বাবদ ইংলিশ স্টেনো, লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় ৩০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২০০) টাকা আর গ্রুপ-ডি ও নাইট গার্ড পদের বেলায় ২০০ (তপশিলী হলে ১৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিং বা, ইউ.পি.আই.য়ে জমা দেবেন। এছাড়াও ই-চালানে জমা দিতে পারবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## পাব্লিক সার্ভিসের

■ *পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ক্লার্কশিপ পার্ট-ওয়ান ও পার্ট-টু পরীক্ষা কি একই দিনে হবে? না আলাদা দিনে হবে? — পিঙ্কি রায়, বড়কুড়া, সংবাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর। তনয়া নন্দী, নাকড়াকোন্ডা, লোকপুর, বীরভূম।*

■■ না, একই দিনে হবে না। প্রথমে পার্ট-ওয়ান পরীক্ষা হবে ২৫ জানুয়ারি। তাতে সফল হলে পার্ট-টু পরীক্ষা হবে। প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোনোর ৩ মাসের মধ্যেই পার্ট-টু পরীক্ষা হবে।

■ *আইনের ডিগ্রি (এল.এল.বি.) কোর্স পাশ করেছি। ডব্লু.বি.সি.এস. পরীক্ষা দেওয়া যায় কি? — প্রতীম দাস, তারকেশ্বর, হুগলি।*

■■ হ্যাঁ, এল.এল.বি. পাশ করে বা, গ্র্যাজুয়েট হয়ে ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য বা, কেন্দ্রীয় সরকারের গ্র্যাজুয়েট যোগ্যতায় যেকোনো চাকরির পরীক্ষা দিতে পারবেন।

■ *বিজ্ঞপ্তি নং ২৪/২০১৮'এর লেকচারার (সিভিল) পদের ফল কবে বেরোবে? — দীপক রায়, রাধানগর রোড, আসানসোল।*

■■ ফল কবে বেরোবে তা এখনো ঠিক হয়নি।

## সেনাবাহিনীর

■ *৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? বিজ্ঞপ্তি কবে বেরোবে? প্রার্থী বাছাই কীভাবে হয়? — রঞ্জিম বিশ্বাস, বনগাঁও, উত্তর ২৪ পরগনা। পারিজাত দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ কেন্দ্রীয় সরকারের ৬প্যারা মিলিটারি ফোর্স — অসম রাইফেলস, বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ও সশস্ত্র সীমা বল 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে প্রায় প্রতিবছরই লোক নেয়। অন্তত মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৬২.৫ সেমি) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি.। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৫০ সেমি)। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা। গ্রেড পে ২,০০০ টাকা। প্রার্থী বাছাইয়ের শারীরিক মাপজোখের পরীক্ষায় প্রথমে থাকে ছেলেদের বেলায় ২৪ মিনিটে ৫ কিমি দৌড় আর মেয়েদের বেলায় ৮.৩০ মিনিটে ১.৬ কিমি দৌড়। দৌড়ে কোয়ালিফাই করলে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ১১ ফুট লং জাম্প (৩ সুযোগে) আর সাড়ে ৩ ফুট হাই জাম্প (৩ সুযোগে)। মহিলাদের বেলায় ৯ ফুট লং জাম্প (৩ সুযোগে) আর ৩ ফুট হাই জাম্প (৩ সুযোগে)। সফল হলে লিখিত পরীক্ষা হয়। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (২) পার্ট-বি : জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস, (৩) পার্ট-সি : এলিমেন্টারি ম্যাথমেটিক্স, (৪) পার্ট-ডি : ইংরিজি /হিন্দি। প্রতিটি পার্টে ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন হবে। সময় থাকবে ২ ঘণ্টা। সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে। স্টাফ সিলেকশন কমিশনের সারা বছরের পরীক্ষার যে ক্যালেন্ডার প্রকাশিত হয়েছে, তাতে আট কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

## রেলে চাকরির

■ *রেলের আর.পি.এফ.'এর কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? — গোপাল বৈদ্য, উত্তর কাশীনগর, রায়দীঘি, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ আর.পি.এফ.'এর কনস্টেবল পদের বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর ও বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা ২ বছর (ও.বি.সি. হলে ৫ বছর, তপশিলী হলে ৭ বছর) বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি., বুকের ছাতি না-ফুলিয়ে অন্তত ৮০ সেমি. আর ফুলিয়ে ৮৫ সেমি.। তপশিলীরা লম্বায় ৫ সেমি., বুকের ছাতিতে ৩.৮ সেমি. ছাড় পাবেন। গোর্খারা লম্বায় ২ সেমি. ছাড় পাবেন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (তঃ জাঃ ও তঃউঃজাঃ হলে ১৫২,, গোর্খা হলে ১৫৫) সেমি.। চোখে চশমা, জোড়া-হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, ট্যারা দৃষ্টি, শারীরিক বিকৃতি থাকলে আবেদনের যোগ্য নন। শুরুতে ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ২১,৭০০ টাকা। সফল হলে বেসিক পে ২১,৭০০ টাকা। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন কম্পিউটার বেসড টেস্ট (CBT), শারীরিক সক্ষমতার পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। অনলাইন কম্পিউটার বেসড টেস্ট হবে সেপ্টেম্বর-অক্টোবরে। এই পরীক্ষায় ৯০ মিনিটের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০টি প্রশ্ন, (২) অ্যারিথমেটিক - ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছেলেদের বেলায় থাকবে এইসব বিষয় : (১) ৫ মিনিট ৪৫ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়, (২) ৪ ফুট হাই-জাম্প, (৩) ১৪ ফুট লং জাম্প। মেয়েদের বেলায় থাকবে (১) ৩ মিনিট ৪০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, (২) ৩ ফুট হাই-জাম্প, (৩) ৯ ফুট লং জাম্প। দৌড় পরীক্ষায় ১ বার ও হাই জাম্প আর লং জাম্পে ২ বার সুযোগ পাবেন।

## প্রাইমারি টিচারের

■ *প্রাইমারি 'টেট' কবে হবে? প্রাইমারি 'টেট'এর জন্য নতুন করে দরখাস্ত নেওয়া হবে কি? — পলাশ আচার্য, তেহট্ট, নদিয়া। গণেশ ঘোষ, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো প্রাইমারির 'টেট' পরীক্ষার তারিখ ঠিক হয়নি। কবে হবে তাও এখনো ঠিক হয়নি। নতুন করে প্রাইমারি 'টেট'এর জন্য দরখাস্ত নেওয়া হবে কিনা তাও ঠিক হয়নি।

## অন্যান্য চাকরির

■ *কলকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? — রতন শীল, সাহাপুর, মালদহ।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *বাংলা বিষয়ে বি.এ. ফাইনাল বর্ষের পরীক্ষার্থী। অধ্যাপনার চাকরি করতে গেলে কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — প্রসেনজিৎ সরকার, জলঙ্গী, মুর্শিদাবাদ।*

■■ অধ্যাপনার পেশায় আসতে হলে যে বিষয়ে অধ্যাপনার কাজ করতে চান, সেই বিষয়ে ৫৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে মাস্টার ডিগ্রি কোর্স পাশ হতে হবে। সেই সঙ্গে 'নেট' বা, 'সেট' পরীক্ষায় সফল হতে হবে। 'সেট' পরীক্ষা নেয় পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন। 'নেট' পরীক্ষা নেয় ইউ.জি.সি. / সি.এস.আই.আর.। বিজ্ঞপ্তি বেরোলে যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হয়। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে (www.ugcnetonline.in, www.csirhrdg.res.in, www.wbcsc.ac.in). 'নেট' বা, 'সেট' পরীক্ষায় সফল হলে ইন্টারভিউ দিয়ে কলেজ বা, বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার সুযোগ পেতে পারেন।

■ *এন.আই.ও.এস. থেকে বি.এ. পাশ করলে কি সব ধরণের সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়? —পিয়ালী বিশ্বাস, ঘোষপাড়া, কল্যাণী, নদিয়া।*

■■ হ্যাঁ, সব সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়।

## কোর্স ও ট্রেনিং

■ *আই.টি.আই. পাশ। বয়স ২৬ বছর। অ্যাপ্রেন্টিস ট্রেনিং নিলে কী কী সুবিধা পাব? কোর্স শেষে চাকরি পাওয়া যায় কি? — বৈদ্যনাথ মন্ডল, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ অ্যাপ্রেন্টিস ট্রেনিং নিলে চাকরি পাওয়ার ক্ষেত্রে সুবিধা হয়। অনেক ক্ষেত্রে অ্যাপ্রেন্টিস ট্রেনিং শেষ হওয়ার পরই সেই সংস্থায় চাকরি পাওয়া যায়।

■ *রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ করেছি। ইঞ্জিনিয়ারিং কোর্স-সহ রাজ্য সরকারের বিভিন্ন দফতরে চাকরির জন্য দরখাস্ত করতে পারব কি? — রাজেশ কুম্ভকার, কুমারডি, মানবাজার, পুরুলিয়া।*

■■ হ্যাঁ, দরখাস্ত করতে পারবেন।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
..............................
১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
| --- | --- | --- | --- | --- |
| রিষড়া পুরসভায় হেল্পার | ক্লাস এইট পাশ | ৩০ | ৪-১-২০ | www.rishramunicipality.org |
| ব্যারাকপুর ক্যান্টনমেন্ট বোর্ডে ক্লার্ক, শিক্ষক | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ১৬ | ৬-১-২০ | www.cbbarrackpore.org |
| পূর্ব উপকূল রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১,২০৬ | ৬-১-২০ | www.rrcbbs.org.in |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ স্টাইপেন্ডিয়ারি ট্রেনি | আই.টি.আই. ডিপ্লোমা | ১৬২ | ৬-১-২০ | www.npcilcareers.co.in. |
| ভদ্রেশ্বর পুরসভায় মজদুর | ক্লাস এইট পাশ | ২৭ | ৬-১-২০ | www.bhadreswarmunicipality.com |
| ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিংয়ে ডাটা এন্ট্রি অপারেটর | গ্র্যাজুয়েট | ৫০ | ৭-১-২০ | www.becil.com |
| কেন্দ্রীয় সরকারে ক্লার্ক, অপারেটর | উচ্চমাধ্যমিক পাশ | - | ১০-১-২০ | www.ssc.nic.in |
| প্রতিরক্ষা কারখানায় ট্রেডসম্যান, ফায়ারম্যান | মাধ্যমিক পাশ | ১০৮ | ১১-১-২০ | www.ncs.gov.in |
| দিল্লি মেট্রো রেলে মেন্টেনার ইঞ্জিনিয়ার, ম্যানেজার | গ্র্যাজুয়েট, ডিপ্লোমা | ১,৪৯৩ | ১৩-১-২০ | www.delhimetrorail.com |
| দক্ষিণ দিনাজপুর জেলা আদালতে ক্লার্ক, গ্রুপ-ডি | এইট পাশ বা, মাধ্যমিক | ১৪ | ১৪-১-২০ | https://districts.ecourst.gov.in |
| ইনস্টিটিউট অফ উড সায়েন্স অ্যান্ড টেক-এ এম.টি.এস. | মাধ্যমিক পাশ | ১২ | ১৬-১-২০ | www.iwst.icfre.gov.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৯২৬ | ১৬-১-২০ | www.rbi.org.in |
| ইন্ডিয়ান অয়েলে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা, ডিগ্রি | ৩৭ | ১৭-১-২০ | www.iocrefrecruit.in |
| ও.এন.জি.সি.-তে এক্সিকিউটিভ | ডিগ্রি | ১৬ | ১৮-১-২০ | www.ompl.co.in |
| কোল ইন্ডিয়ায় মাল্টি টাস্কিং স্টাফ | মাধ্যমিক বা, আই.টি.আই. | ১,৩২৬ | ১৯-১-২০ | www.coalindia.in |
| বিমানবাহিনীতে এয়ারম্যান | উচ্চমাধ্যমিক পাশ | - | ২০-১-২০ | www.airmentselection.cdac.in |
| জে.আই.পি.এম.ই.আর. নার্স, ল্যাব অ্যাসিস্ট্যান্ট | ডিপ্লোমা, ডিগ্রি | ১০০ | ২০-১-২০ | www.jipmer.edu.in |
| জেলা স্বাস্থ্য দফতরে মেডিক্যাল টেকনোলজিস্ট | ডিপ্লোমা | ১,২৫৮ | ২১-১-২০ | www.wbhrb.in |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ স্টাইপেন্ডিয়ারি ট্রেনি | আই.টি.আই. উচ্চমাধ্যমিক | ১৮৫ | ২১-১-২০ | www.npcilcareers.co.in |
| মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১,২০৬ | ২২-১-২০ | www.rrccr.com |
| ডি.আর.ডি.ও.-এ ইঞ্জিনিয়ার, ম্যানেজার | গ্র্যাজুয়েট, ডিপ্লোমা | ১,৮১৭ | ২৩-১-২০ | www.drdo.gov.in |
| জওহরলাল ইনস্টিটিউট অফ মেডিক্যাল রিসার্চে নার্স, স্টেনো | উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা | ১৫৮ | ২৭-১-২০ | www.jipmer.edu.in |
| দিল্লি পুলিশে হেড কনস্টেবল | উচ্চমাধ্যমিক | ৫৪৯ | ২৭-১-২০ | www.delhipolice.nic.in |
| ভারতের সংসদে রিপোর্টার | গ্র্যাজুয়েট | ২১ | ২৮-১-২০ | www.loksabha.nic.in |

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## জেলা স্বাস্থ্য কেন্দ্রে ৯১১

১ পাতার পর

৪৯টি (জেনাঃ ২৪, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. এ ক্যাটেগরি ৫, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৪, প্রতিবন্ধী ২)।

**মেডিক্যাল টেকনোলজিস্ট (ই.সি.জি.) গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট বিষয়ে মেডিক্যাল টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার ওপর মেডিক্যাল টেকনোলজির ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৩১৭টি (জেনাঃ ১৬৩, তঃজাঃ ৭১, তঃউঃজাঃ১৯, ও.বি.সি. এ ক্যাটেগরি ৩১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ২৩, প্রতিবন্ধী ১০)।

**মেডিক্যাল টেকনোলজিস্ট (ডায়ালিসিস) গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ডায়ালিসিস টেকনিক বিষয়ে ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার ওপর মেডিক্যাল টেকনোলজির ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৩৬টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৩, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৩, প্রতিবন্ধী ২)।

**মেডিক্যাল টেকনোলজিস্ট (পারফিউশনিস্ট) গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা পারফিউশন টেকনোলজি বিষয়ের মেডিক্যাল টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার ওপর মেডিক্যাল টেকনোলজির ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**মেডিক্যাল টেকনোলজিস্ট (রেডিও থেরাপিস্ট) গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা রেডিও থেরাফি বিষয় নিয়ে মেডিক্যাল টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার ওপর মেডিক্যাল টেকনোলজির ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ২৭টি (জেনাঃ ৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৬, প্রতিবন্ধী ২)।

**মেডিক্যাল টেকনোলজিস্ট (ক্রিটিক্যাল কেয়ার) গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ক্রিটিক্যাল কেয়ার বিষয় নিয়ে মেডিক্যাল টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার ওপর মেডিক্যাল টেকনোলজির ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৩৩২টি (জেনাঃ ১৭০, তঃজাঃ ৭৪, তঃউঃজাঃ ২০, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৩৪, ও.বি.সি. বি ক্যাটেগরি ২৪, প্রতিবন্ধী ১০)।

**মেডিক্যাল টেকনোলজিস্ট (ক্যাথ ল্যাব) গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ক্যাথ ল্যাব বিষয় নিয়ে মেডিক্যাল টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার ওপর মেডিক্যাল টেকনোলজির ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ১, প্রতিবন্ধী ১)।

**মেডিক্যাল টেকনোলজিস্ট (ই.ই.জি. / ই.এম.জি.) গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট বিষয়ের ওপর মেডিক্যাল টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার ওপর মেডিক্যাল টেকনোলজির ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১)।

**মেডিক্যাল টেকনোলজিস্ট (ও.টি.) গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট বিষয়ের ওপর মেডিক্যাল টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার ওপর মেডিক্যাল টেকনোলজির ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৭২টি (জেনাঃ ৩৫, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. এ ক্যাটেগরি ৭, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৬, প্রতিবন্ধী ৩)।

**মেডিক্যাল টেকনোলজিস্ট (অডিওমেট্রি) গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট বিষয়ের ওপর মেডিক্যাল টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার ওপর মেডিক্যাল টেকনোলজির ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**ফিজিওথেরাপিস্ট, গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক / বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ফিজিওথেরাপিস্টের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। ফিজিওথেরাপির ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ৩২টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ৪, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৩, প্রতিবন্ধী ২)।

**ফার্মাসিস্ট, গ্রেড-।।।.** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক / বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। ফার্মাসির ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, প্রতিবন্ধী ১)।

ওপরের সব ক্ষেত্রেই বয়স হতে হবে ৩৯ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা সরকারি নিয়মানুযায়ী ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ জানুয়ারি থেকে ২০ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhrb.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১৬০ টাকা জমা দেবেন এই শিরোণামে : GRPS (Govt. Receipt Portal System), Govt of West Bengal, Head of the Account No. 0051 -00-104-002-16'. তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## দিল্লি হাই কোর্টে ১৯ বিচারক

দিল্লি হাই কোর্টে কাজের জন্য বিচারক হিসাবে ১৯ জন লোক নিচ্ছে। আইনের ডিগ্রি কোর্স পাশরা অ্যাডভোকেট হিসাবে ৭ বছর কাজের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১-২০১৯'র হিসাবে ৪৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১,৩১,১০০-২,১৬,৬০০ টাকা। শূন্যপদ: ১৯টি (জেনাঃ ১২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, অন্যান্য ৩)।

প্রার্থী বাছাই হবে 'দিল্লি জুডিশিয়াল সার্ভিস' পরীক্ষার মাধ্যমে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে ২ ফেব্রুয়ারি। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। সফল হলে মেন পরীক্ষা। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে ২১ জানুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটে : www.delhihighcourt.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ২০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## পুরসভায় ৪৭ মজদুর, ক্লার্ক

১ পাতার পর

টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৩৯টি (জেনাঃ ১০, জেনাঃ ই.সি. ১০, জেনাঃ প্রতিবন্ধী ১, তঃজাঃ ৪, তঃজাঃ ই.সি. ৪, তঃউঃজাঃ প্রাঃসঃকঃ ১, তঃউঃজাঃ ই.সি. ১, ও.বি.সি. - এ ক্যাটেগরি ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ই.সি. ২, ও.বি.সি. এ ক্যাটেগরি প্রাঃসঃকঃ ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ১, ও.বি.সি. -বি ক্যাটেগরি প্রাঃসঃকঃ ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ই.সি. ১)।

**ড্রাইভার** : ক্লাস এইট পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে ও গাড়ি চালানোর কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৩০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, জেনাঃ ই.সি. ১, তঃউঃজাঃ ১, তঃজাঃ ১, তঃজাঃ ই.সি. ১, ও.বি.সি. - এ ক্যাটেগরি ১)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মজদুর পদের বিজ্ঞপ্তি নং 1413/19-20/C.M, Dated; 23/12/2019. ড্রাইভার পদের বিজ্ঞপ্তি নং 1412/19-20/C.M. Dated : 23/12/2019.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। মজদুর পদের বেলায় ৫০ নম্বরের পরীক্ষায় ৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স ১০টি, জেনারেল ইংলিশ -১০টি, জেনারেল সায়েন্স - ১০টি, ইতিহাস -৫টি, ভূগোল -৫টি, বাংলা -১০টি। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এরপর হবে ১০ নম্বরের ইন্টারভিউ।

ড্রাইভার পদের বেলায় লিখিত পরীক্ষায় ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স ১০টি, জেনারেল ইংলিশ -১০টি, জেনারেল সায়েন্স - ১০টি, ইতিহাস -৫টি, ভূগোল -৫টি, অঙ্ক -১০টি। প্রশ্ন হবে ক্লাস এইট পাশ মানের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। কোয়ালিফাইং নম্বর পেলে মোট শূন্যপদের দেড় গুণ প্রার্থীকে ১০ নম্বরের ইন্টারভিউ ও ড্রাইভিং টেস্টের জন্য ডাকা হবে।

দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.champdanymunicipality.org তখন সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, এখনকার তোলা ও নিজের সই করা ৩ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও ২ কপি দরখাস্তের সঙ্গে গেঁথে) আর মজদুর পদের বেলায় ১০০ টাকার আর ড্রাইভার পদের বেলায় ২০০ টাকার ডিমান্ড ড্রাফট বা, পে অর্ডার। 'Chairman, Champdany Municipality'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিকবেন 'Kolkata'. তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন Employment Notice no........ Name of post applied for........' দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে, রেজিস্ট্রি ডাকে বা, কুরিয়ারে। পৌঁছনো চাই ১০ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায় : The Chairman, Champdany Municipality, 1, Poura Bhawan Road, Champdany, P.O. - Baidyabati, Dist. Hooghly, Pin - 712 222.

## কোস্ট গার্ডে ২৬০ নাবিক

১ পাতার পর

এছাড়াও রেশন ভাতা, পোশাক ভাতা, ডাক্তারি খরচ, সরকারি আবাসে পরিবার-সহ থাকার সুযোগ, যাতায়াত ভাড়ায় ছাড়, ১০ লাখ টাকা পর্যন্ত গ্রুপ বিমা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ক্যান্টিন, ঋণ ইত্যাদির সুযোগ পাবেন। ট্রেনিং শুরু আগস্টে, ওড়িশার আই.এন.এস. চিল্কায়। ট্রেনিং চলার সময় যাবতীয় খরচ সরকার বহন করবে। শূন্যপদ : ২৬০টি (জেনাঃ ১১৩, ই.ডব্লু.এস. ২৬, ও.বি.সি. ৭৫, তঃউঃজাঃ ১৩, তঃজাঃ ৩৩)।

শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের লিখিত পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড অনলাইনে আপলোড করা হবে। তারপর হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা।

লিখিত পরীক্ষা / ইন্টারভিউ হবে পশ্চিমবঙ্গের প্রার্থীদের হলদিয়া, বিহার ও ঝাড়খণ্ডের প্রার্থীদের কলকাতা, ওড়িশার প্রার্থীদের পারাদ্বীপে, ত্রিপুরা, অসম ও সিকিমের প্রার্থীদের বেলায় গুয়াহাটিতে, ফেব্রুয়ারি-মার্চ মাসে। লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : অঙ্ক, ফিজিক্স, বেসিক কেমিস্ট্রি, ইংরিজি, জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট ও রিজনিং। প্রতিটিতে আলাদা কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন। সফলদের জোন ভিত্তিক চূড়ান্ত তালিকা বেরোবে জুলাইয়ে।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড়, ২০ বার ওঠবোস আর ১০ বার পুশ আপ। শারীরিক সক্ষমতার পরীক্ষা ও সব শেষে ডাক্তারি পরীক্ষা হবে ওড়িশার আই.এন.এস. চিল্কায়। তপশিলী প্রার্থীরা ফেরার রেল ভাড়া ফেরৎ পাবেন। 'পরীক্ষা কেন্দ্র' পরে বদলাতে পারবেন না।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৬ জানুয়ারি থেকে ২ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiancoastguard.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ৪০ কেবির মধ্যে) ও সিগনেচার (১০ থেকে ৩০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয় যাবে। তখন রেজিস্ট্রেশন নম্বর পাবেন। এরপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## স্বাস্থ্য দফতরে ৩৪

১ পাতার পর

কোর্স পাশরা যোগ্য। অর্থনীতির মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। সোশ্যাল সায়েন্সের গ্র্যাজুয়েটরা পাব্লিক হেলথ বা, কমিউনিটি হেলথ কিংবা প্রিভেন্টিভ অ্যান্ড সোশ্যাল মেডিসিনের মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা হিউম্যান রিসোর্স / হেলথ কেয়ারের এম.বি.এ. কোর্স পাশ হলেও যোগ্য। নার্সিং বা, ডেন্টালের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন যোগ্যতা থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৩৪টি (জেনাঃ ৫, ও.বি.সি.-এ ৬, ও.বি.সি. - বি ১, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৬, প্রতিবন্ধী ৩)।

শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে তালিকা তৈরি হবে। তারপর কম্পিউটার টেস্ট ও অভিজ্ঞতা দেখা হবে। শিক্ষাগত যোগ্যতায় থাকবে ৭৫ নম্বর, কম্পিউটার যোগ্যতায় থাকবে ১৫ নম্বর আর অভিজ্ঞতার জন্য থাকবে ১০ নম্বর। এই পদের বিজ্ঞপ্তি নং SHFWS/2019/198, Dated: 23.12.2019.

দরখাস্ত করবেন অনলাইনে, ৮ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৫০) টাকা অনলাইনে বা, অফলাইনে জমা দেবেন। অফলাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখ ১৩ জানুয়ারি।

GSCE

পড়লেই সরকারি চাকরি

George Telegraph • Since 1920

যে সমস্ত পরীক্ষার ফর্ম ফিল আপ চলছে

মাধ্যমিক যোগ্যতায় DRDO MTS

উচ্চমাধ্যমিক যোগ্যতায় CHSL

স্নাতক যোগ্যতায় RBI Assistant

শুধু প্রাইভেট টিউশন নয়, প্রয়োজন এক সম্পূর্ণ প্যাকেজের যেখানে থাকবে বিশেষজ্ঞশিক্ষক-শিক্ষিকাদের অঙ্ক, রিজনিং, ইংরেজি, জি.কে. / সি.এ. প্রভৃতি প্রতিটি বিষয়ের উপর বিশেষ গাইডলাইন, সাজেস্টিভ ও অথেনটিক মকটেস্ট সিরিজ, নিয়মিত স্টাডি মেটেরিয়ালস্ ধরে ক্লাসের সঙ্গে ইনডিভিজুয়াল কেয়ার, ডাউট ক্লিয়ারিং ক্লাস পরীক্ষার আগে স্পেশাল মেটেরিয়ালস্ ও লাস্ট মিনিট সাজেশনস্, ফ্রি লাইব্রেরি ও পার্সোনালিটি গ্রুমিং সেশন যা জিএসসিই-র ছাত্রছাত্রীদের সঠিক লক্ষ্যে পৌছাতে বছরের পর বছর সাহায্য করে চলেছে।

জিএসসিই-তে প্রস্তুতি চলছে জোরকদমে। নিজের ভবিষ্যৎ গড়তে আজই আসুন আপনার নিকটবর্তী জিএসসিই কেন্দ্রে। গ্রুপে ভর্তি হলে কোর্স ফি-তে বিশেষ ছাড়।

আর্থিক ভাবে দুর্বল ছাত্রছাত্রীদের সরকারি চাকরি পাওয়ার সুযোগ জিএসসিই-র বেসিক কোর্সে পড়ে

• SSC • Rail • Bank • SLST • TET • Police • Army

বৈশিষ্ট্য : ১। ভর্তির সময় ৪০০০ টাকা + জিএসটি
২। ৮০০ টাকা + জিএসটি প্রতি মাসে

জিএসসিই-তে ভর্তি হয়ে সঠিক পদ্ধতি মেনে পড়াশোনা করে নিজেকে জীবনে প্রতিষ্ঠিত করুন। বাড়ির কাছাকাছি জিএসসিই-র কেন্দ্রে আজই যোগাযোগ করুন। SC/ST/OBC তালিকাভুক্ত ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপের সুবিধা আছে। সব ধরনের ছাত্রছাত্রীদের জন্য বয়স ও যোগ্যতা অনুযায়ী চাকরি পাবার সুযোগ।

এই বেসিক কোর্সে মাসিক ফি প্রদানের মাধ্যমে দুঃস্থ চাকরি প্রার্থীরা পাবে সেরা প্রস্তুতির সুযোগ পারিবারিক মাসিক আয় বিবেচ্য।

আসন সংখ্যা সীমিত

জিএসসিই নিয়ে এলো শুধুমাত্র Mock Test দেওয়ারও সুযোগ !

জিএসসিই নিয়ে এলো ডব্লুবিসিএস ও পিএসসি ক্লার্কশিপ-এর প্রস্তুতির উপর শুধুমাত্র মক টেস্ট দেবার সুযোগ। প্রতি রবিবার বাড়ির নিকটবর্তী জিএসসিই কেন্দ্রে এসে পরীক্ষার্থীরা এই পরীক্ষা দেবার সুযোগ নিতে পারেন।

কোর্স ফি ৩০০০ টাকা + জিএসটি।

আজই যোগাযোগ করুন।

পশ্চিমবঙ্গে ৮০০০ শূন্যপদে কনস্টেবল্ নিয়োগ শীঘ্রই

জিএসসিই-র আকর্ষণীয় কোর্সগুলি হল

WBCS

Regular Combined
Staff Selection, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army, LIC etc.

Crash Course

Course on Interview & Personality Grooming

জিএসসিই-তে ভর্তি হলে ছাত্রছাত্রীরা যে সমস্ত সুবিধাগুলি পাবে

- **স্মার্ট ক্লাস রুম :** প্রতিটি বিষয়ে ৩০০ অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা প্রতি সপ্তাহে প্রায় ১৫ ঘণ্টার সিলেবাস ভিত্তিক ক্লাস দেওয়া হয় এবং স্বল্প সময়ে জি-আই, ম্যাথ শেখানোর টেকনিক ছাত্রছাত্রীকে চাকরির পরীক্ষায় সাফল্যের পথে পৌঁছে দিতে সাহায্য করে।
- **ক্লাস ওয়ার্ক, হোম ওয়ার্ক, জাজ ইয়োরসেল্ফ :** বিষয়ভিত্তিক জেনারেল নলেজ এবং সম্পূর্ণ সরকারি চাকরির পাঠ্যক্রমের উপর তৈরি জিএসসিই-র প্রায় ৬০০০০ স্টাডি মেটেরিয়াল ও হোম ওয়ার্ক বইগুলির চ্যাপ্টার ভিত্তিক প্রস্তুতি ছাত্রছাত্রীদের পরীক্ষার সাফল্যের জন্য অপরিহার্য।
- **ক্লাস টেস্ট, মান্থলি টেস্ট :** প্রতিটি Class অনুযায়ী Class Test এবং প্রতিটি Study Material অনুযায়ী Monthly-র অনুশীলনের মাধ্যমে ছাত্রছাত্রীদের আত্মবিশ্বাসকে আরও দৃঢ় করে তোলে।
- **পারফরমেন্স টেস্ট, স্পিড টেস্ট, কোয়েস্ট :** প্রতিটি সপ্তাহে দুটি করে Performance Test এবং প্রতি মাসে একটি করে Speed Test-এর মাধ্যমে ছাত্রছাত্রীরা বিভিন্ন পরীক্ষায় বিগত বছরে আসা প্রশ্নের ধারণা পায়। তাছাড়া প্রত্যেক মাসে Magazine ও প্রক্রিয়ায় আসা বিভিন্ন প্রশ্নের উপর ভিত্তি করে একাধিক প্রশ্নে সমৃদ্ধ Quest পরীক্ষা প্রস্তুতিকে সমৃদ্ধ করে।
- **মক টেস্ট :** প্রতি সপ্তাহে একাধিক Mock Test-এর মাধ্যমে ছাত্রছাত্রী অধিক প্রশ্নের সম্মুখীন হয়। সরকারি চাকরির পরীক্ষায় সাফল্যের জন্য নির্দিষ্ট সময়ের মধ্যে এই Mock Test গুলি সমাধান করা খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়।
- **অনলাইন মক টেস্ট :** প্রতি সপ্তাহে আগত বিভিন্ন পরীক্ষার একাধিক Online Exam.-এর মাধ্যমে ছাত্রছাত্রী পরীক্ষার নমুনা প্রশ্নপত্রের সাথে পরিচিত হতে থাকে। যা পরীক্ষার্থীকে নিশ্চিত সাফল্যে উন্নীত করতে সাহায্য করে।
- **এক্সাম ওরিয়েন্টেড স্টাডি ম্যাটিরিয়াল :** GSCE-তে প্রতিটি ছাত্রছাত্রীকে প্রতিটি পরীক্ষার আগে সেই পরীক্ষায় বিগত বছরের বিভিন্ন প্রশ্ন এবং এ বছরের গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তরে সমৃদ্ধ কমনযোগ্য Exam Oriented Study Material দেওয়া হয়ে থাকে। যা পরীক্ষাটির খুঁটিনাটি তথ্য জানতে সাহায্য করে।
- **লাস্ট মিনিট সাজেশন :** একাধিক প্রশ্নে সমৃদ্ধ Last Minute Suggestion শেষ মুহূর্তের পরীক্ষা প্রস্তুতিকে সমৃদ্ধ করে।
- **সাপ্তাহিক পত্রিকা :** সরকারি চাকরির সমস্ত খবরাখবর জানার জন্য GSCE পাবলিকেশন থেকে প্রতি সপ্তাহে 'শিক্ষা চাকরি ও খেলা' প্রকাশিত হয়।
- **মান্থলি ম্যাগাজিন :** GSCE Publications থেকে প্রকাশিত 'অ্যাচিভার্স' ও 'অ্যাচিভার্স ইন ফোকাস'-এর মাধ্যমে ছাত্রছাত্রীরা সেই মাসের সাম্প্রতিক ঘটনাবলীর (Current Affairs) সম্পূর্ণ তথ্যভাণ্ডার বাংলা ও ইংরেজি দুটো মাধ্যমেই পেয়ে থাকে।
- **লাইব্রেরি ফেসিলিটি :** ছাত্রছাত্রীদের জন্য আছে ফ্রি লাইব্রেরি ও গ্রুপ স্টাডি-র ব্যবস্থা। যেখানে ক্লাসের দিনগুলি ছাড়াও রেফারেন্স বই সহযোগে প্রচুর পড়াশোনার করার ব্যবস্থা রয়েছে এবং ই-ম্যাগাজিনের সুবিধা।
- **ইন্টারভিউ ক্লাস :** একচান্সে ইন্টারভিউ বোর্ডে সাফল্য পেতে GSCE-তে বিশেষ প্রশিক্ষণের সুবন্দোবস্ত আছে।

শিয়ালদহ (হেড অফিস)
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9674087465
9051040306

Helpline : 9830277100/200/300

পরীক্ষার খুঁটিনাটি জানতে- 9231036500

উপরিউক্ত কোন একটি নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

| | |
|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 |
| গড়িয়াহাট | 9230056665 |
| নেতাজীনগর | 9674087860 |
| বারাসাত | 9674087467 |
| ব্যারাকপুর | 9230056668 |
| কল্যানী | 9674087469 |
| রানাঘাট | 9674083508 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| সোনারপুর | 9674087466 |
| ডায়মন্ডহারবার | 9230056662 |
| ক্যানিং | 7031615596 |
| হাওড়া ময়দান | 9230056677<br>9830342271 |
| বাগনান | 9674087468 |
| তমলুক | 8697984951 |
| কাঁথি | 9674140376 |
| পঃমেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বাঁকুড়া | 8017491727 |
| পুরুলিয়া | 9830277820 |
| আসানসোল | 9674087475 |
| দুর্গাপুর | 9674025500 |
| বর্ধমান | 9674025700 |
| কোন্নগর | 9230056667 |
| তারকেশ্বর | 9830277743 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |
| বোলপুর | 9674012025 |
| রামপুরহাট | 9674061397 |
| বহরমপুর | 9674087471 |
| মালদা | 9674087472 |
| বালুরঘাট | 9230056676 |
| রায়গঞ্জ | 8017491728 |
| ইসলামপুর | 9830277597 |
| শিলিগুড়ি | 9674087473 |
| দার্জিলিং | 9674087821 |
| কালিম্পং | 9830277171 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| কোচবিহার | 9830277023 |
| দিনহাটা | 9830277698 |

Website : www.gsceindia.org | Toll Free No. 18001230667

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad